# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬ সালের ৭ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ আগস্ট, ২০১৬ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্য বিষয়-১:** ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা:** গত ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬ সালের ৬ষ্ঠ বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত:** সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর সমর্থনে বিগত সভার (২০১৬ সালের ৬ষ্ঠ বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্য বিষয়-২:** জুলাই, ২০১৬ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা:** জুলাই, ২০১৬ মাসে বিভিন্ন খাতে আদায় ৮০,৫৩,৭৯৭.০০ (আশি লক্ষ তিপ্পান্ন হাজার সাতশত সাতানব্বই) টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ৮০,৫৩,৭৯৭.০০ (আশি লক্ষ তিপ্পান্ন হাজার সাতশত সাতানব্বই) টাকা।

**সিদ্ধান্ত:** ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৪,০৪,৮৩,৬৯৮.০০ (চৌদ্দ কোটি চার লক্ষ তিরাশি হাজার ছয়শত আটানব্বই) টাকা। অর্থ বছরের প্রথম মাস হিসেবে ৮০,৫৩,৭৯৭.০০ আশি লক্ষ তিপ্পান্ন হাজার সাতশত সাতানব্বই) টাকা আদায় হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বকেয়াসহ প্রাক্কলিত কর আদায়ে প্রথম থেকেই সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার নির্দেশনা প্রদান করা হয়।

**আলোচ্য বিষয়-৩:** জুলাই, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা:** জুলাই, ২০১৬ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৮৬,৯৯,১৯৬.৮০ (এক কোটি ছিয়াশি লক্ষ নিরানব্বই হাজার একশত ছিয়ানব্বই) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ জুলাই মাসে সর্বমোট আয় ৩,৬০,৫০,৩৬৮.৫৮ টাকা (তিন কোটি ষাট লক্ষ পঞ্চাশ হাজার তিনশত আটষট্টি) টাকা। অপরদিকে জুলাই, ২০১৬ মাসে সর্বমোট ব্যয় ২,৪২,৩৬,৪৮৩.০০ (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ ছত্রিশ হাজার চারশত তিরাশি) টাকা।

**সিদ্ধান্ত:** জুলাই, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

**আলোচ্য বিষয়-৪:** জুলাই, ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

**আলোচনা:** স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। ১৪ জুন, ২০১৬ হতে ১৫ জুলাই, ২০১৬ পর্যন্ত সিএমএইচ, ঢাকায় ৩২ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করলেও উক্ত সময়ে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে কোন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়নি।

**সিদ্ধান্ত:** স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগের মাধ্যমে সেনানিবাসে মশক নিধন কার্যক্রম জোরদারসহ ড্রেন পরিষ্কার এবং আগাছা পরিষ্কার করতে হবে। রজনীগন্ধা সুপার মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদার করণসহ নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সেনানিবাস সংলগ্ন সিভিল চ্যাপ্টার্ড এলাকায় সপ্তাহে কমপক্ষে একদিন মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-৫:** জুলাই, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

**আলোচনা:** জুলাই, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৪৬ টি জন্ম নিবন্ধন ও ০৮টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং একই সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১২ জনকে দাফন করা হয়েছে।

**সিদ্ধান্ত:** প্রত্যাশী ব্যক্তির আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং এর রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম, ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা পশ্চিম পার্শ্ব) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডাঃ এম এ রশিদ চৌধুরী পিতা-মরহুম এম এ রহিম চৌধুরী, বাড়ী নং-২৬ রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-০৪/১১/২০১৫ | মিসেস সেলিমা বেগম স্বামী-মোঃ বদরুদ্দোজা বাড়ী নং-২৬, ফ্ল্যাট নং-৩/বি(৩য় তলা) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | ২১/৬/২০১৫ তারিখের ২৩.০৫৫০১.৩০০.১০.০২ ৯.০১.২১.০৬.১৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১০৯০ বঃফুঃ (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্বের) রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্নেল নুরুল হক (অবঃ), পিতা-মরহুম মোঃ কালু মিয়া, বাড়ী নং-৪৬, রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর সাখাওয়াতুর রহমান পিতা-মরহুম ডঃ মাহবুবুর রহমান বাড়ী নং-৪৬, ফ্ল্যাট নং-বি/৫(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | ২১/৬/২০১৫ তারিখের ২৩.০১৯০১.৮০০.০২.১২ ১.০১.১৭.০২.১৬/৩১৯২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২২৬০ বঃফুঃ (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ১,৩৮,০০০/- টাকা জুন, ২০১৬ পর্যন্ত পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি এবং ৪৬ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৫ নং ফ্ল্যাট দু'টি বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে সংশ্লিষ্ট প্লট/ফ্ল্যাটের মালিকগণ প্রস্তাবিত ক্রেতাগণের জীবন বৃত্তান্তসহ আবেদন করেছেন। প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। আলোচ্য ফ্ল্যাটসমূহের বাৎসরিক গৃহকর জুন, ২০১৬ পর্যন্ত পরিশোধ করা আছে।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪৬ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৫ নং ফ্ল্যাটের সংশ্লিষ্ট সকল দলিলপত্র ও রোর্ড আরো পরীক্ষা করত: পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে।

আলোচ্য বিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র /রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২১, ফ্ল্যাট নং-এ/৩(৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব), মহাখালী সদর এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস সুরাইয়া হাসান স্বামী-বদরুল হাসান, বাড়ী নং-০৫, রোড নং-১৪, সেক্টর-১৩, উত্তরা মডেল টাউন, ঢাকা। | (১) জনাব এ বি এ সাহিদ উদ দৌলা, পিতা-মসিহ উদ দৌলা (২) ইসরাত জাহান হায়দার স্বামী-এ বি এ সাহিদ উদ দৌলা, বাড়ী নং-২১, এ্যাপার্টমেন্ট-এ/৩, লেক রোড, মহাখালী সদর এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-১৩/৭//২০১৬ | ২৬/৫/২০১৬ তারিখের ২৩.০১৯০১.৮০০.০৩০২৬.০১.২৬.০৫.১৬ নং পত্র। | ১৬/৬/২০১৬ তারিখের ঢাক্যাবো/মহাখালী সদর/প্লট নং-২১/ফ্লাট নং-এ/৩(৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব)/৭৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২২২০ বঃফুঃ বিশিষ্ট ০১ টি ফ্লাট (নিচ তলায় ০১(এক) টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ১৫,০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-১৫/এ, ফ্ল্যাট নং-৩/এ, ৩/বি ও ৩/সি(৪র্থ তলা),রোড নং-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রাবেয়া খাতুন, স্বামী-মৃত খোরশেদ উদ্দীন আহমেদ, বাড়ী নং-১৫/এ, রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ হাসান খুরশীদ, পিতা-মৃত খোরশেদ উদ্দীন আহমেদ, মাতা-মিসেস রাবেয়া খাতুন,বাড়ী নং-১৫/এ, রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১০/৮/২০১৬ | রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিলমুলে | ১৮/৫/২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৫/এ/ফ্লাট নং-৩/এ, ৩/বি,৩/সি/১৪ নং পত্র। | ফ্লাটের আয়তন প্রতিটি ১৭২০ বঃফুঃ বিশিষ্ট ০৩ টি ফ্লাট (নিচ তলায় ০৩(তিন) কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ২৩৭৫০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৩. | প্লট নং-১৫/এ, ফ্ল্যাট নং-৬/এ(৭ম তলা উত্তর-পূর্ব পার্শ্ব),রোড নং-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রাবেয়া খাতুন, স্বামী-মৃত খোরশেদ উদ্দীন আহমেদ, বাড়ী নং-১৫/এ, রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সারাহ খুরশীদ পিতা-মোঃ হাসান খুরশীদ ,বাড়ী নং-১৫/এ, ফ্লাট নং-৬/এ,(৭ম তলা উত্তর-পূর্ব পার্শ্ব),রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১০/৮/২০১৬ | রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিলমুলে | ১৮/৫/২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৫/এ/ফ্লাট নং-৬/এ( ৭ম তলা উত্তর-পূর্ব পার্শ্ব)/১৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭২০ বঃফুঃ বিশিষ্ট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১(এক) টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ২৩৭৫০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার ও মহাখালী সদর এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামের পার্শ্বে বর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হয় এবং অন্যান্য প্লট ও ফ্ল্যাটের সংশ্লিষ্ট সকল দলিলপত্র ও রেকর্ড আরো পরীক্ষা নিরীক্ষা করত: পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে ঃ-

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | ফ্ল্যাট নম্বর | ফ্ল্যাটের আয়তন (বর্গফুট) |
|---|---|---|---|---|---|
| ১। | (১) জনাব এ বি এ সাহিদ উদ দৌলা পিতা-মসিহ উদ দৌলা (২) ইসরাত জাহান হায়দার স্বামী-এ বি এ সাহিদ উদ দৌলা | ২১ | মহাখালী সদর | এ/৩ (৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) | ২২২০ |
| ২। | জনাব মোঃ হাসান খুরশীদ পিতা-মৃত খোরশেদ উদ্দীন আহমেদ | ১৫/এ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | (ক) ৩/এ নং ফ্ল্যাট (৪র্থ তলার উত্তর পূর্ব)<br>(খ) ৩/বি নং ফ্ল্যাট (৪র্থ তলার উত্তর পশ্চিম)<br>(গ) ৩/সি(৪র্থ তলা দক্ষিণ পার্শ্ব) | ১৭২০<br>১৭২০<br>১৭২০ |
| ৩। | মিস সারাহ খুরশীদ পিতা-মোঃ হাসান খুরশীদ | ১৫/এ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ৬/এ নং ফ্ল্যাট (৭ম তলা উত্তর পূর্ব) | ১৭২০ |
| ৪। | জনাব ফাইয়াদ হাসান পিতা-মোঃ হাসান খুরশীদ | ১৫/এ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২/বি (৩য় তলা দক্ষিণ) | ১৭২০ |

আলোচ্য বিষয়-৮: ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৪৬ নং প্লটে নির্মিত বাড়ীর মালিকগণের আপোষ বন্টননামা দলিলমূলে নামজারী প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লটের উত্তরাধিকারী সূত্রে যৌথ মালিক (১) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ নুরুল হক, পিতা-মরহুম কালু মিয়া (২) জনাব মোঃ আবুল হাসনাত (৩) জনাব মোঃ আবু তারেক (৪) জনাব মোঃ সাজেদুল হক ও (৫) ডাঃ সাবরিনা নুর, সর্বপিতা-লেঃ কর্ণেল (অবঃ) মোঃ নুরুল হক। উক্ত প্লটে ডেভলপার কর্তৃক ০৭ তলা বাড়ী নির্মাণ করা হয়। গত ২৫ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৯ নং সিদ্ধান্তে মালিকদের মধ্যে ফ্ল্যাট ভিত্তিক আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করে উত্তরাধিকারীগণের নামে নামজারীর জন্য লেঃ কর্ণেল নুরুল হক (অবঃ) ১৮ আগষ্ট ২০১৬ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, ডাঃ সাবরিনা নূর এর নামে ৪র্থ তলার বি/৩ নং ফ্ল্যাটটি আপোষ বন্টননামা দলিলমূলে নামজারীর বিষয়টি ২৫ জুলাই ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৮ এর সিদ্ধান্তের আলোকে নামজারী করা হয়েছে। উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ১,৩৮,০০০.০০ (এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা জুন ২০১৬ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত: উক্ত প্লটের সকল দলিলপত্র ও রেকর্ড আরো পর্যালোচনা করত: ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার কর্তৃক বোর্ডকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৯: রজনীগন্ধা টাওয়ার এর গাড়ী পার্কিং এর খাজনা মওকুফের বিষয়ে ইজারা গ্রহীতা জনাব মোঃ আব্দুল বাতেন এর ১৬ আগষ্ট ২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর আন্ডার গ্রাউন্ড এবং মার্কেট সংলগ্ন গাড়ী পার্কিং স্থান হতে টোল আদায়ের জন্য স্থানীয়ভাবে ২৮ মার্চ ২০১৬ তারিখে দরপত্র আহ্বান করা হলে মোট ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ আব্দুল বাতেন, প্রোঃ- মেসার্স আবরার ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত দৈনিক ১,৫০৫/-(এক হাজার পাঁচশত পাঁচ) টাকার দরটি সর্বোচ্চ হয়। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০১৬ উপলক্ষে উক্ত স্থান সংলগ্ন এলাকায় ৫/৯/২০১৬ তারিখ হতে ১২/৯/২০১৬ তারিখ পর্যন্ত গরু-ছাগলের হাট বসানো হবে। টোল আদায়কারী জনাব মোঃ আব্দুল বাতেন ১৬/৮/২০১৬ তারিখের আবেদনে গরু-ছাগলের হাট বসানোর জন্য টোল আদায় করা সম্ভব হবে না এবং হাট বসানোর আগে ও পরে প্রায় এক মাস টোল আদায় বন্ধ থাকবে ফলে খাজনা আদায় এবং অন্যান্য খরচসহ তার প্রায় ১(এক) লক্ষ টাকা ক্ষতি হবে বিধায় ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ডের খাজনা মওকুফ করার জন্য অনুরোধ করা হয়েছে।

সিদ্ধান্ত: রজনীগন্ধা টাওয়ার এর গাড়ী পার্কিং এর খাজনা মওকুফের বিষয়ে জনাব মোঃ আব্দুল বাতেন এর আবেদনটি বিবেচনা করা হলো না। বিষয়টি আবেদনকারীকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-১০: বিডিকম অনলাইন লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা: জনাব এস এম গোলাম ফারুক আলমগীর, ব্যবস্থাপনা পরিচালক, বিডিকম অনলাইন লিমিটেড, র‍্যাংগস নিলু স্কয়ার (৬ষ্ঠ তলা) সাতমসজিদ রোড, বাড়ী নং-৭৫, রোড নং-৫/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯ কর্তৃক ঢাকা সেনানিবাসস্থ মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে ২০ জুলাই ২০১৪ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির উপর মতামত/সুপারিশ প্রদানের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১২ নভেম্বর, ২০১৪ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৯/২৩৮ নং পত্রে মিরপুর ডিওএইচএস পরিষদকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস পরিষদ ০৮ জানুয়ারি, ২০১৫ তারিখের ১৭১৮/ডিওএইচএস/মিরপুর/নং পত্রে ক্যান্টনমেন্ট বোর্ড এবং মিরপুর ডিওএইচএস পরিষদের শর্ত পালন সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি দেয়া যেতে পারে মর্মে জানান। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০ এপ্রিল ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১০২.০২. ২০.০৪.১৬ নং পত্রে ২০ এপ্রিল ২০১৬ তারিখ হতে ০৫(পাঁচ) বছর মেয়াদে (নবায়নযোগ্য) উক্ত প্রতিষ্ঠানকে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়।

সিদ্ধান্ত: বিডিকম অনলাইন লিমিটেডকে মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে উক্ত এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের পূর্বে ক্যান্টনমেন্ট বোর্ডে নিরাপত্তা ছাড়পত্র প্রদান সাপেক্ষে ট্রেড লাইসেন্স গ্রহণ, ক্যাবল লেইয়িং রুট অনুমোদন ও এ বাবদ ক্যান্টনমেন্ট বোর্ডের ধার্যকৃত ফি পরিশোধ করতে হবে।

আলোচ্য বিষয়-১১: ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন ভাড়ার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ হতে ৩১ আগষ্ট ২০১৯ তারিখ পর্যন্ত (রমজান মাস ব্যতীত) ০৩(তিন) বছরের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ভাড়া প্রদানের জন্য ১৮ আগষ্ট ২০১৬ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মাহমুদ করিম, বাড়ী নং-১০৫, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এবং জনাব মোঃ নবীর হোসেন মোল্লা, সিবি-২৩/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস উভয় কর্তৃক প্রদত্ত মাসিক ৭,০০০/-(সাত হাজার) টাকার দর ০২টি সর্বোচ্চ হয়। প্রাপ্ত ০২ টি দর সমান হওয়ায় দাখিলকৃত ০২(দুই) জন দরদাতার সম্মতিক্রমে লটারী পরিচালনার করা হয়। উক্ত লটারীতে জনাব মোঃ নবীর হোসেন মোল্লা, সিবি-২৩/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস বিজয়ী হয়। উক্ত অফিস ক্যান্টিন মাসিক ভাড়ার বিগত ০৩ বছরের অনুমোদিত দর নিম্নে প্রদত্ত হলো ঃ-

| সন | অনুমোদিত দর (মাসিক) |
|---|---|
| ২০১৩-২০১৪ | ৪,০০০.০০ |
| ২০১৪-২০১৫ | ৪,১০০.০০ |
| ২০১৫-২০১৬ | ৪,৫২০.০০ |

ঢাকা সেনানিবাসের অন্যান্য দপ্তর ও স্কুল/কলেজসমূহের ক্যান্টিন ভাড়ার হার অনেক বেশী বিধায় অফিস ক্যান্টিনটি প্রতিযোগিতামূলক দরে ভাড়া প্রদানের জন্য পুন:দরপত্র আহবান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি প্রতিযোগিতামূলক দরে ও প্রকৃত রেষ্টুরেন্ট/ক্যান্টিন ব্যবসায়ীদের নিকট ভাড়া প্রদানের জন্য পুন:দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১২: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ক্যান্টিন ভাড়ার মেয়াদ বৃদ্ধির বিষয়ে শেখ মোঃ আমিরুজ্জামান এর ১৩ জুলাই ২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ক্যান্টিন বরাদ্দের জন্য শেখ মোঃ আমিরুজ্জামান ২৪ জুন, ১৯৯৯ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রধান শিক্ষকের সুপারিশের ভিত্তিতে ২৯ জুন, ১৯৯৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৬ নং সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ৭ জুলাই, ১৯৯৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫০/১৮৯ নং পত্রে ১২×১৮ ফুট সেমি পাকা দোকান ঘর নিজ খরচে নির্মাণ করাসহ মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে ৭ জুলাই, ১৯৯৯ তারিখ হতে ০১ (এক) বৎসরের জন্য বরাদ্দ/ভাড়া প্রদান করা হয়। সর্বশেষ গত ০৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্য বিষয়-১১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মাসিক ২,৫০০.০০(দুই হাজার পাঁচশত) টাকা ভাড়া এবং এককালীন ৩০,০০০.০০(ত্রিশ হাজার) টাকা সালামীতে ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। যার মেয়াদ ৩১ জুলাই ২০১৬ তারিখে উত্তীর্ণ হয়েছে। উক্ত ক্যান্টিনটি ০৫(পাঁচ) বছর মেয়াদে পুনঃ বরাদ্দ করার জন্য বরাদ্দ গ্রহীতা জনাব শেখ মোঃ আমিরুজ্জামান ১২ জুলাই ২০১৬ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ক্যান্টিনটি মাসিক ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা ভাড়া এবং এককালীন ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা সালামীতে শেখ মোঃ আমিরুজ্জামান-কে ০১ আগস্ট, ২০১৬ তারিখ হতে ৩১ জুলাই, ২০১৭ পর্যন্ত ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডেভলপার তালিকাভুক্তির জামানত পুনঃ নির্ধারণ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে ২০ জুলাই ২০১৬ তারিখের ২৩.০১৯০১.০৪৪.০২.৭১.০৫.২০.০৭.১৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: গত ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২৯ বিবিধ-৭ নং আলোচ্য বিষয়ের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় ডেভলপার কোম্পানী কর্তৃক বাড়ী/ভবন নির্মাণ করার ক্ষেত্রে প্রথম প্লটের জন্য ১০(দশ) লক্ষ টাকা এবং পরবর্তী প্রতি প্লটের জন্য ২(দুই) লক্ষ টাকা হারে ডেভলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ডেভলপার নিরাপত্তা জামানত গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০ জুলাই ২০১৬ তারিখের ২৩.০১৯০১.০৪৪.০২.৭১.০৫.২০.০৭.১৬ নং পত্রের মাধ্যমে ডেভলপার কোম্পানী কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে নিম্নোক্তভাবে ফি আদায়ের নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ-

***এলাকার নাম ঃ বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস***

| ক্রঃ নং | নতুন বাড়ী নির্মাণ/পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ/সম্প্রসারণ | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য (এককালীন) | নির্মাণকালে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদের প্রাপ্য (মাসিক) | ক্যান্টনমেন্ট বোর্ড এ জামানত (ফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১। | নতুন বাড়ী নির্মাণ | ১০/-প্রতি বর্গফুট | ৫,০০০/- | প্লট প্রতি ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা (ডেভেলপারের ক্ষেত্রে) এসকেসিডি ব্যতিত |
| ২। | পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ/সম্প্রসারণ | ২০/-প্রতি বর্গফুট | ৫,০০০/- | |

আলোচনাক্রমে সভায় জানা যায় যে, অতীতে বিভিন্ন ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও ক্যান্টনমেন্ট সংলগ্ন চ্যাপ্টার্ড এলাকার কিছু কিছু প্লট মালিক ডেভলপার/নির্মাণকারী সংস্থার মাধ্যমে বাড়ী/ভবন নির্মাণ করলেও বিভিন্ন কারণে নিজেরা তৈরী করছেন মর্মে অফিসকে অবহিত করেন। তাই প্লট মালিক কর্তৃক নিজে বাড়ী/ভবন নির্মাণের ক্ষেত্রেও অফেরতযোগ্য এককালীন ফি জমা করার বিধান চালু করা প্রয়োজন।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও কচুক্ষেত পুরান বাজার এলাকায় ডেভলপার/নির্মাণকারী সংস্থার মাধ্যমে এবং প্লট মীলক কর্তৃক নিজে বাড়ী/ভবন নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে অফেরতযোগ্য এককালীন ফি এবং ফেরতযোগ্য নিরাপত্তা জামানত জমা করতে হবেঃ-

| ক্রঃ নং | নতুন বাড়ী নির্মাণ/পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ/সম্প্রসারণ | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য (এককালীন) | ক্যান্টনমেন্ট বোর্ড এ জামানত (ফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | নতুন বাড়ী নির্মাণ | ১০/-প্রতি বর্গফুট | প্লট প্রতি ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা (ডেভেলপারের ক্ষেত্রে) এসকেসিডি ব্যতীত | ডেভেলপার/নির্মাণকারী সংস্থার মাধ্যমে নির্মাণের ক্ষেত্রে প্রযোজ্য ফি |
| ২। | পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ/সম্প্রসারণ | ২০/-প্রতি বর্গফুট | | |
| ৩। | নতুন বাড়ী নির্মাণ | ১০/-প্রতি বর্গফুট | নেই | প্লট মালিক কর্তৃক নিজে বাড়ী/ভবন নির্মাণের ক্ষেত্রে প্রযোজ্য ফি |
| ৪। | পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ/সম্প্রসারণ | ২০/-প্রতি বর্গফুট | | |

আলোচ্য বিষয়-১৪: সপ্তক গৃহায়ন লিমিটেড ডেভেলপার কোম্পানী কর্তৃক জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা: সপ্তক গৃহায়ন লিমিটেড কর্তৃক বাড়ী নং-১১, আব্বাস গার্ডেন, মহাখালী এলাকায় বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ২৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করা হয়। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ফেরত চেয়ে উক্ত ডেভেলপার কোম্পানীর পরিচালক মুহম্মদ জোবেদ আলী ২১ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে আবেদন করেন। ক্যান্টনমেন্ট বোর্ডের ০৫ মার্চ, ২০১৬ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/সঃগৃঃলিঃ/৪৫ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ১৪ জুন, ২০১৬ তারিখে বিডি/এলসি/৩০৩/২৫/ ২০১৪/৪ নং পত্রে বর্ণিত বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ডের এখতিয়ারাধীন বলে জানিয়েছেন।

সিদ্ধান্ত: প্লট মালিক এবং ফ্ল্যাট ক্রেতাগণের অনাপত্তি এবং ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে সপ্তক গৃহায়ন লিমিটেড এর জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১৫: আর্ট এন্ড এ্যারাবিকস বিল্ডার্স লিমিটেড ডেভলপার কোম্পানী কর্তৃক জমাকৃত ৩,০০,০০০.০০(তিন লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা: আর্ট এন্ড এ্যারাবিকস বিল্ডার্স লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকার ৩৩২ প্লটে ডেভলপার হিসেবে বাড়ী নির্মাণ করার জন্য ডেভলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা ০৬ ডিসেম্বর ২০০৯ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। উক্ত ডেভলপার কোম্পানী সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিক এবং ফ্ল্যাট ক্রেতাগণকে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা ফেরত চেয়ে ২১ জানুয়ারি, ২০১৬ তারিখে আবেদন করেন। ক্যান্টনমেন্ট বোর্ডের ০২ মার্চ, ২০১৬ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/আঃএঃএ্যারোঃবিঃলিঃ/৪২ নং পত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের মধ্যে কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ২৭ জুন,২০১৬ তারিখে বিডি/এলসি/২১৯৯/২০০১/৩৩২/৩০ নং পত্রে উক্ত বাড়ী নির্মাণে বাড়ীর মালিক এবং ডেভেলপার কোম্পানীর মধ্যে কোন প্রকার অভিযোগ/আপত্তি নেই মর্মে অত্র দপ্তরকে অবহিত করেন।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস এর ৩৩২ নং প্লটে ভবন নির্মাণকারী প্রতিষ্ঠান আর্ট এন্ড এ্যারাবিকস্ বিল্ডার্স লিমিটেড এর জমাকৃত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১৬: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের এস, আর, ও নং ১৩-আইন/২০১৬ প্রজ্ঞাপন মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রেড লাইসেন্স ফি পুনঃ নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ২৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের এস,আর,ও নং-৪৪ আইন/২০১৫ মূলে নির্ধারিত হারে ট্রেড লাইসেন্স ফি আদায় করা হয়। গত ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের এস, আর, ও নং ১৩-আইন/২০১৬ এর মাধ্যমে ঢাকা সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স ফি পুন:নির্ধারণ করা হয়েছে। ঢাকা সিটি কর্পোরেশনের সাথে সামঞ্জস্য রেখে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স ফি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের এস, আর, ও নং ১৩-আইন/২০১৬ নং প্রজ্ঞাপন অনুযায়ী পুন:নির্ধারণ করাই সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স ফি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের এস, আর, ও নং ১৩-আইন/২০১৬ নং প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত হারে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৭: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যাপ্টেন (অবঃ) মোঃ মোস্তাফিজুর রহমান, বিএন | ৬৮১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর আংশিক ৭ম তলা) |
| ২। | (১) কমান্ডার (অবঃ) শাহ মোঃ রেজাউল করিম, পিএসসি<br>(২) এয়ার কমডোর মোঃ আল আমিন তালুকদার | ১২১৬<br>১২১৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আর্কিটেকচারাল পরিবর্তন) |
| ৩। | জনাব মারুফ জাহাঙ্গীর গং<br>পিতা- শহীদ লেঃ কর্ণেল এন এ এম জাহাঙ্গীর, এএমসি | ১১২ | মহাখালী ডিওএইচএস | | পুরাতন ০৩ তলা বাড়ি ভেঙ্গে বেজমেন্টসহ নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৪। | রেবেকা কামাল<br>স্বামী-মেজর জেনাঃ (অবঃ) মোঃ মোস্তফা কামাল | ২২৪ | মহাখালী ডিওএইচএস | | পুরাতন তিনতলা বাড়ি ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৫। | মিসেস নাজমা আরা খানম গং<br>স্বামী-মরহুম লেঃ কর্ণেল মোঃ মতিউর রহমান | ২৩৫ | মহাখালী ডিওএইচএস | | পুরাতন দোতলা বাড়ি ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৬। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোস্তাফিজুর রহমান | ৩০০ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত নকশা ০৬ (ছয়) তলায় একটি রুম নির্মাণ |
| ৭। | বেগম সাহারা ইসলাম<br>স্বামী- মরহুম নজরুল ইসলাম | ৬১ | বনানী ডিওএইচএস | | সংশোধিত বেজমেন্টসহ ০৭ তলা ভবন নির্মাণ |
| ৮। | মোসাঃ জাহানারা বেগম গং | সিবি-২৫৬/৩ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৭ তলা ভবন (২৫ জুলাই ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৬(১০) এর অনুবৃত্তিক্রমে) |
| ৯। | জনাব মোঃ সিরাজুল ইসলাম গং | সিবি-১৮৫/৫ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৭ তলা ভবন |

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ৯টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত: ১৭.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন০্যান্য এলাকার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৭ এর ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ এর ০৮টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয় ঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৭.২। আলোচ্য বিষয়-১৭ এর ক্রমিক নং-১ এ উল্লেখিত ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরি ভেটিং বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনী নিয়ন্ত্রিত এলাকার প্রধান সড়কে রোড ডিভাইডার ও রোটারী লাইটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি স্থাপন কাজ। | ১,৫৫,২০০/- | বোর্ড তহবিল | বিমান বাহিনী সদর দপ্তর, প্রশাসনিক শাখার ২৬/৭/২০১৬ তারিখের পত্র। |
| ২। | ঢাকা সেনানিবাসের প্রধান সড়কে নিরাপত্তা বাতি, ব্যালাষ্ট ও ইগনেটর (কোম্পানীর নির্ধারিত দামে) ক্রয়করণ। | ৫,৭৬,৫০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | ঢাকা সেনানিবাসের প্রধান সড়কে ৬৫ ওয়াট ১০০টি এনার্জি সেভিং ভাল্ব (এনার্জি প্যাক ওম কালার ও সাদা) সরবরাহকরণ। | ১,২৫,০০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ৪। | বাংলাদেশ বিমান বাহিনীর ১ প্রভোষ্ট ও নিরাপত্তা ইউনিটের জন্য স্টেশনারী মালামাল সরবরাহকরণ। | ৪৮,২৪০/- | বোর্ড তহবিল | ১ প্রভোষ্ট ও নিরাপত্তা ইউনিট, বাংলাদেশ বিমান বাহিনীর ০৪ আগস্ট ২০১৬ তারিখের পত্র। |
| ৫। | ১৩ এমপি ইউনিটের অবৈধ যানবাহন সেনানিবাসে প্রবেশের জন্য পিপিসি মেশিন ও কম্পিউটারের প্রিন্টারের টোনার সরবরাহকরণ। | ২,৫৭,২৫০/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের ০৪/৮/২০১৬ তারিখের ৬০৩৭/এ/১ নং পত্র। |
| ৬। | আর্মি এমপি ইউনিটের জন্য রিফ্লেকটিভ টেপ (হানিকম্ব) সরবরাহকরণ। | ১,৮০,০০০/- | বোর্ড তহবিল | ০৮ আগস্ট ২০১৬ তারিখের পত্র। |
| ৭। | শহীদ রমিজ উদ্দিন স্কুলের ০৩ তলা ভবনের বাহির পার্শ্বে ওয়েদারকোট ও মেরামত রক্ষণাবেক্ষণ কাজ। | ৪,০০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ। | সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৩/৮/২০১৬ তারিখের পত্র। |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোড (৩৯০ ফুট লম্বা) উঁচুকরণসহ কার্পেটিং (ড্রেন মেরামতসহ) কাজ। | ১৬,৯৬,১৪৩/- | অনুদান | |
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের পশ্চিমের অংশ (১৯৬ ফুট লম্বা) উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৬,৯০,০৫৩/- | অনুদান | |
| ১০। | ঢাকা সেনানিবাসে ই-ইন-সি কমপ্লেক্স এলাকায় মাঠে শিশুদের বিনোদনের জন্য ০৫টি আধুনিক খেলনাসামগ্রী স্থাপন কাজ। | ১৪,৫০,৮০০/- | অনুদান | জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকার ০৯/৮/২০১৬ তারিখের পত্র। |
| ১১। | সেনাসদর অফিসার্স মেসের উত্তর পার্শ্বে ভাষানটেকগামী পকেট গেইট রাস্তার জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন নির্মাণ ও রাস্তার পার্শ্বে স্তুপীকৃত মাটি অপসারণ কাজ। | ১,৯৮,৬১৫/- | নর্দমা খাত | |
| ১২। | আর্মি এমপি ইউনিটের জন্য এমপি চেকপোষ্টে বিদ্যমান আর্চওয়ের উপর ০৪টি টিনের ছাউনি নির্মাণ, মিরপুর সেনানিবাসের জন্য ১০০টি প্লাষ্টিক ডিভাইডার, সিমেন্টের ২৫টি পাকা ডিভাইডার, স্টীকার ও রশি সরবরাহ কাজ। | ৩,৮৯,৯১২/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ১৮/৮/২০১৬ তারিখের পত্র। |
| ১৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩ নং গভীর নলকূপ হঠাৎ বিকল হয়ে যাওয়ায় তা উত্তোলন, পাম্প মটর মেরামত, রিওয়্যাল্ডিং এবং পুনঃস্থাপন কাজ। | ১,৬৭,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ০৩ নং গভীর নলকুপের পানি কমে যাওয়ায় ১৬"×৮" ডায়া ১০০০ ফুট গভীর নলকুপ ওয়াটার জেটিংকরণ কাজ। | ৩,৭৩,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৫। | মহাখালী ডিওএইচএস এর ১৬ নং রোডের ড্রেনের ওয়াল উঁচুকরণসহ আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ১,১৭,৩১৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৬। | মিরপুর সেনানিবাস এলাকায় জেসিও কোয়ার্টারের জন্য একটি পাকা ডাষ্টবিন নির্মাণ কাজ। | ৭৩,৫৭৩/- | বোর্ড তহবিল | |
| ১৭। | রজনীগন্দা সুপার মার্কেটের মুরগী বাজারের পূর্ব পার্শ্বে খালি জায়গায় (গরুর হাট) ময়লা/রাবিশ অপসারণ, রাস্তা তৈরিকরণ, বালি ভরাটসহ স্লাব নির্মাণ কাজ। | ৬,৩৭,৬০৩/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৮। | মহাখালী ডিওএইচএস এর ১৯/বি ও ১৯/সি রোডের মধ্যবর্তী ড্রেনের ভেঙ্গে যাওয়া ওয়াল পুনঃনির্মাণ। | ১,৩৩,১৭০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৯। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে সংস্কার, মেরামত ও রং চুনার কাজঃ- | | | |
| | (ক) শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ), সিগন্যাল পোল রংকরন এবং বৈদ্যুতিক সুইচ বোর্ড পেইন্টিংকরন কাজ। | ১,২৯,৬২০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (খ) শহীদ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তা হতে সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়াকলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ) এবং ট্রাফিক সিগন্যাল পোল পেইন্টিংকরন কাজ। | ১,৫১,৭৩৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (গ) শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত সাইন বোর্ড, আর্মি এভিয়েশন হতে জাহাঙ্গীর গেইট আইল্যান্ড, ফুলের টারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,০২,৬৮৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঘ) ১৩ এমপি ইউনিট হতে স্বাধীনতা সরনির চৌরাস্তা পর্যন্ত সাইন বোর্ড, পার্ক, হাজী মহসিনের উভয় পার্শ্বে বাসস্ট্যান্ড, বিউটি স্পট, জি আই পাইপের রেলিং/গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৮,৩১০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঙ) শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত, ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ বিউটি স্পট, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,১৭,৭০৮/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (চ) ক্যান্ট বোর্ড অফিস হতে এসকেএমসিবিজিএইচ পর্যন্ত গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, ক্যান্ট বোর্ড জামে মসজিদের সম্মুখের গম্বুজ, মিনার ও বাহির পার্শ্ব এবং ওয়াটার ট্যাংক, বাগানের গ্রীল ইত্যাদি মেরামতসহ রং করণ কাজ। | ১,২৭,৮০৫/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ছ) এসকেএমসিবিজিএইচ হতে সেনাকুঞ্জ ইন গেইট পর্যন্ত সাইন বোর্ড, ডিভাইডার, রেলিং, গ্যারিসন বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,০৪,৪৯২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (জ) সেনাকুঞ্জ ইন গেইট হতে ষ্টাফ রোড পর্যন্ত আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, বিউটি স্পট, ট্রাফিক আইল্যান্ড ও ছাতা মেরামত, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৪,০৫৬/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঝ) ষ্টাফ রোড হতে সিএমএইচ এবং পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,১৭,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঞ) সিএমএইচ হতে সিগন্যাল পর্যন্ত সাইন বোর্ড, পুরাতন এয়ার হেড কোয়ার্টার বাসষ্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৬,৯৯২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ট) স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের, ডিভাইডার, সাইন বোর্ড, গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাজারের দক্ষিণ পার্শ্বের গলি, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইন বোর্ড লিখার কাজ। | ১,৬৬,৬৫৭/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঠ) ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও স্বাধীনতা সরণির বিভিন্ন স্থানে ভাঙ্গা টাইলস পুনঃ স্থাপন কাজ। | ১,৬০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ড) ফুটপাতের ফ্লোর টাইলস ও ওয়াল টাইলস হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ১,০০,১৪০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ঢ) ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে ০৪টি এবং স্বাধীনতা সরণিতে ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ কাজ। | ১,২৬,৩১২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ণ) শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে বিদ্যমান রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত ও পরিস্কার, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ। | ৭৭,৫১৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (ত) ক্যান্ট বোর্ড অফিসের বাউন্ডারী ওয়াল, আইল্যান্ড, গেইট উত্তর,পশ্চিম, দক্ষিণ সাইড ওয়েদারকোটকরণ। | ৫৯,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| | (থ) শহীদ সরণি/স্বাধীনতা সরণি, শহীদ বাশার রোড ও অন্যান্য রাস্তায় রোড মার্কি পেইন্ট দ্বারা মার্কিংকরণ। | ৯,২৪,৮৬২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প) | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে অনুদান |
| | সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে মোট = | ২৬,৩৮,৮৯০/- | | |
| ২০। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির ভাঙ্গা/ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ। | ২৯,৫৫,৪৭৫/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| ২১। | পোষ্ট অফিস সংলগ্ন বাস স্টপেজ এর সামনে টিনের বেড়া ও এ্যাঙ্গেল দিয়ে ফেন্সিকরণ। | ১,৩৩,৪৬১/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ২২। | মিরপুর ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে ১৩ নং রোডে (পশাল বিল্ডিং সংলগ্ন পুকুরের পূর্ব পার্শ্বে) বালু ভরাট ও ঘাস লাগানো। | ১,৯৯,৫০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ২৩। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৩৩ (নতুন ১১) রাস্তায় পানি জমে থাকার কারণে রাবিশ সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৯৩,০২০/- | বোর্ড তহবিল | |
| ২৪। | বানানী ডিওএইচএস এর উত্তর ও পশ্চিম দিকের বাউন্ডারী ওয়ালের উপর সিকিউরিটি কাঁটা তারের বেড়া নির্মাণ। | ৯৩,৩১৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ২৫। | শহীদ সরনির বীর শ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে পোষ্ট অফিস পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভ টাইলস ও ফেসিং ব্রিকস পুন:স্থাপন (পয়েন্টিংসহ)। | ৭১,৯৪২/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| ২৬। | শহীদ সরণির পোষ্ট অফিস হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভ টাইলস ও ফেসিং ব্রিকস পুন:স্থাপন (পয়েন্টিংসহ)। | ৯২,২৫৩/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| ২৭। | স্বাধীনতা সরণির বনানী এমপি চেক পোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত বোর্ডের রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভ টাইলস ও ফেসিং ব্রিকস পুন:স্থাপন (পয়েন্টিংসহ)। | ৯০,৭৭৯/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে |
| ২৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৭/এ (দোতলা দক্ষিণ পার্শ্ব) পরিত্যক্ত সম্পত্তির বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৬৫,১১৩/- | পরিত্যক্ত সম্পত্তি সংশ্লিষ্ট তহবিল | |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে এবং সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্য বিষয়-১৮ এর ২৮টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হয়। ক্রমিক নং- ২, ৩, ৭, ১১, ১৩, ১৪, ১৫, ১৭, ১৮ এবং ১৯(ক) থেকে ১৯(থ) এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১২, ১৬, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭ ও ২৮ এ বর্ণিত প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মুসলিম মডার্ণ একাডেমির দক্ষিণ পার্শ্বের ০৪ তলার ভীত বিশিষ্ট এক তলা একাডেমিক ভবনের উপর ২য় তলা নির্মাণ কাজ। | ৪২,০৯,৮৮৮/- | মেসার্স মাসুদ এন্টারপ্রাইজ | ৩৯,৯৯,৩৯৩/- | বিদ্যালয় তহবিল | লটারীতে বিজয়ী |
| ২। | শহীদ সরণি সংলগ্ন ১৩ এমপি গেইটের পার্শ্বে গাইড ওয়াল, বালু ভরাট, ঘাস লাগানো ও ফেসিং ব্রিক স্থাপন কাজ। | ৯৮,৫২০/- | মিলেনিয়াম ট্রেডিং | ৯৮,৫২০/- | বোর্ড তহবিল | |
| ৩। | আর্মি এমপি ইউনিটের জন্য ১৫৩টি প্লাষ্টিকের ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৯৮,৯০০/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ১,৯৮,৯০০/- | বোর্ড তহবিল | |
| ৪। | আইএসএসবি এর উত্তর পার্শ্বে বিমান বন্দরগামী রাস্তায় গেইট নির্মাণ কাজ। | ৬,৩২,৯৫৮/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৬,৩২,৯৫৮/- | বোর্ড তহবিল | |
| ৫। | আর্মি এমপির জন্য রিফ্লেকটিভ স্টীকার, রশি, পাকা ডিভাইডার রংকরণ, ইউসুফ লাইনে গোল পোষ্ট নির্মাণ, হাজী মহসিনের সামনে ম্যানহোলের উপর রডের জালি ও অন্যান্য কাজ। | ১,৯১,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,৯১,০০০/- | বোর্ড তহবিল | |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিরাপত্তার জন্য ৬/এ নং রোডের পশ্চিম প্রান্তে দেয়াল নির্মাণ কাজ। | ৯৯,৫০০/- | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ৯৯,৫০০/- | বোর্ড তহবিল | |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডে নব-নির্মিত পার্কের চতুর্দিকে স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ১০,৮২,৭২৫/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১০,৮২,৭২৫/- | বোর্ড তহবিল | |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের নবনির্মিত পার্কের চতুর্দিকে ওয়াকওয়ে নির্মাণ কাজ। | ৮,৯৫,১৬৮/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৮,৯৫,১৬৮/- | বোর্ড তহবিল | |
| ৯। | মিরপুর ডিওএইচএস এর প্লট নং-৬৮২, ৬৮৪ হতে প্লট নং-৮০৬, ৮০৭ পর্যন্ত রাস্তা কার্পেটিংকরণ কাজ। | ১১,১৭,১০৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১১,১৭,১০৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ড তহবিল | |
| ১০। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪০ ও ৪৪ এর (সরকার বাড়ি সংলগ্ন) আরসিসি পিলারসহ কাটা তারের বেড়া স্থাপন কাজ। | ৪,৮২,২০৪/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৪,৮২,২০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ড তহবিল | |
| ১১। | মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে ভাঙ্গা ও ঝুঁকিপূর্ণ স্লাব (আরসিসি) তৈরিকরণ ও স্থাপন কাজ। | ৩,৭৪,২০৪/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৩,৭৪,২০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ড তহবিল | |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৬ (৩য় তলা) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৭১,০৫৫/- | মেসার্স মা এন্টারপ্রাইজ | ৬৭,৫০২/- | পরিত্যক্ত সম্পত্তি তহবিল | লটারীতে বিজয়ী |
| ১৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৮৭/১ (নিচতলা দক্ষিণ পার্শ্ব) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ১,৬৩,৭৪০/- | মেসার্স মনির এন্ড কোং | ১,৫৫,৫৫৩/- | পরিত্যক্ত সম্পত্তি তহবিল | লটারীতে বিজয়ী |
| ১৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১১১ (দোতলা) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ১,৬৫,৮৩৬/- | মেসার্স মা এন্টারপ্রাইজ | ১,৬৫,৮৩৬/- | পরিত্যক্ত সম্পত্তি তহবিল | |
| ১৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৬৫/ডি-১১ সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৫৩,৩৭৬/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫৩,৩৭৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের বাসা নং-২৫/ডি-৫ সংস্কার ও মেরামত কাজ। | ৭৩,৯৮৯/- | মেসার্স পাপন এন্টারপ্রাইজ | ৭৩,৯৮৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/সি নং বাসা সংস্কার ও মেরামত কাজ। | ১,৭০,০১৮/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ১,৭০,০১৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৮। | মিরপুর সেনানিবাসস্থ অফিসার্স পারিবারিক বাসস্থান এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা এবং নির্ঝর আবাসিক এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা সরবরাহ ও স্থাপন কাজ। | ২৬,২২,০০০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ২৬,২২,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৯। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যুৎ শাখার কর্মচারীদের জন্য ১৬ সেট রেইটকোট, ০৬টি টর্স লাইট, ১৬ জোড়া গামবুট ও ০৮টি বাঁশের মই সরবরাহকরণ। | ৭৯,৮০০/- | মেসার্স মিন্টু এন্টারপ্রাইজ | ৭৯,৮০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ২০। | স্বাধীনতা সরণি (বনানী) এমপি চেকপোষ্টের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ৪০০ ওয়াটের ০৪টি মেটাল হেলাইড লাইট সরবরাহকরণ। | ৫৫,৬৪০/- | মেসার্স এএন্ডডি ব্রাদার্স | ৫৫,৬৪০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ২১। | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের সরকারি বাস ভবনের জন্য ০১ টন জেনারেল এসি সরবরাহ ও স্থাপন কাজ। | ৯১,৮৭৫/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৯১,৮৭৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘর-বাড়ী) | |
| ২২। | ঢাকা সেনানিবাসের সকল বাসস্ট্যান্ডে পর্যাপ্ত আলোর ব্যবস্থাকরণ কাজ। | ১,২৬,০১০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,২৬,০১০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডে ৪ নং পানির পাম্পে ১৫০ মিমি ডায়া, ০২টি কলাম পাইপ সংযোজন এবং মেরামতকৃত পাম্প মটর স্থাপন কাজ। | ১,১৩,১১২/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১,১৩,১১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ড্রেনের উপর স্ল্যাব বিহীন অংশে আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ১,০১,৫৪৮/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,০১,৫৪৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৫। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পশ্চিম পার্শ্বের সীমানা দেয়াল প্লেসেমকরণ, লেবার রুম ও আলট্রাস্লোগ্রাম কক্ষে টাইলস্ স্থাপন কাজ। | ১,৯৪,৫৮৪/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ১,৯৪,৫৮৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৬। | সেনাভবনের পশ্চিম পার্শ্বে জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন নির্মাণ, আর্মি এমপি ইউনিটের সামনে পুরাতন বিমান সদরের সামনে ড্রেন পরিস্কারকরণ কাজ। | ১,৫০,১৬০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,৫০,১৬০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ২৭। | শহীদ জাহাঙ্গীর গেইটের জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন পরিস্কার, ম্যানহোলের পেভড টাইলস্ মেরামত কাজ। | ৫১,০২০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৫১,০২০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৮। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে অতি বৃষ্টির কারণে সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ৮৫,০০০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৮৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৯। | আর্মি এমপি ইউনিটের সম্মুখে ম্যানহোলের জালি নির্মাণ ও ২০০ বর্গফুট হানিকম্ব স্টীকার সরবরাহ কাজ। | ৭৬,৬৮১/- | এস আই এন্টারপ্রাইজ | ৭৬,৬৮১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৩০। | শহীদ জাহাঙ্গীর গেইটের সামনে বাগানের পার্শ্ববর্তী গ্রীল স্থাপন এবং সমুন্নত স্বাধীনতা গেইটের সামনে মাটি ভরাট কাজ। | ৫২,৫৮১/- | এস আই এন্টারপ্রাইজ | ৫২,৫৮১/- | বোর্ড তহবিল | |
| ৩১। | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন কাটা তারের বেড়া মেরামত কাজ। | ৬৪,২৬১/- | সুবর্না এন্টারপ্রাইজ | ৬৬,৮৩১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ২৬/ডি নং স্টাফ কোয়ার্টারের (১×১৬) ১৬টি টয়লেট নির্মাণ কাজ। | ৪১,১৭,৭৭৯/- | মেসার্স দি কারিগর | ৪১,১৩,৬৬১/- | বরাদ্দকৃত অনুদান ও বোর্ড তহবিল | |

আলোচনা: আলোচ্য বিষয়-১৯ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্য বিষয়-১৯ এর ৩২ (বত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-১৯ এর ক্রমিক নং-১৫, ১৬, ১৭, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩১ এ উল্লেখিত প্রকল্পগুলোর বাজেট বরাদ্দ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮,৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৮, ৩০ ও ৩২ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের অফিসার্স, বিমানসেনা এবং বেসামরিক আবাসিক এলাকার জন্য খেলনা/বিনোদন সামগ্রী সরবরাহ প্রসঙ্গে ০২ আগস্ট ২০১৬ তারিখের ০০.০৩.২৬০০.১৬২.৮৯.০২৩.১৫.০০১/১০০ক নং পত্র।

আলোচনা: বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের অফিসার্স, বিমানসেনা এবং বেসামরিক আবাসিক এলাকার জন্য ২১টি আধুনিক খেলনা সরবরাহের জন্য ছবিসহ পত্র দেয়া হয়েছে। উক্ত খেলনাগুলো সরবরাহ ও স্থাপন করতে সর্বমোট ৬৮,৭৫,০০০.০০ (আটষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয় হবে। বর্তমান অর্থ বছরের বাজেটে উক্ত অর্থের সংস্থান নেই মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত: বাজেট প্রাপ্তি সাপেক্ষে বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের অফিসার্স, বিমানসেনা এবং বেসামরিক আবাসিক এলাকার জন্য পর্যায়ক্রমে খেলনা/বিনোদন সামগ্রী সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২১: বিমান বাহিনী সদর দপ্তর, প্রশাসনিক শাখা (প্রভোষ্ট মার্শাল পরিদপ্তর), ঢাকা সেনানিবাসের ২৬/৭/২০১৬ তারিখের ০৬.০৩.২৬০০.০৪০.৩৭.০৩৫.১৬.০০১.৫৪ক নং পত্রের মাধ্যমে ০২টি ডিজিটাল স্পীড চেক ডিসপ্লে বোর্ড এর চাহিদা প্রসংগে।

আলোচনা: বিমান বাহিনী সদর দপ্তর, প্রশাসনিক শাখা (প্রভোষ্ট মার্শাল পরিদপ্তর), ঢাকা সেনানিবাসের ২৬/৭/২০১৬ তারিখের ০৬.০৩.২৬০০.০৪০.৩৭.০৩৫.১৬.০০১.৫৪ক নং পত্রের মাধ্যমে বিমান সদর দপ্তরের সম্মুখে ০২টি ডিজিটাল স্পীড চেক ডিসপ্লে বোর্ড স্থাপন করার জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত ডিসপ্লে বোর্ডগুলো চায়না হতে আমদানী করতে হয় এবং স্থাপন বাবদ আনুমানিক ৯,০০,০০০.০০ (নয় লক্ষ) টাকা ব্যয় হতে পারে।

সিদ্ধান্ত: বিমান সদর দপ্তরের সম্মুখে ০১(এক)টি ডিজিটাল স্পীড চেক বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২২: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের অভিভাবক শেড, গেইট, ক্যান্টিন স্পন্সরের মাধ্যমে নির্মাণ প্রসঙ্গে ইনস্পায়ার মেডকম এর ০২ আগস্ট ২০১৬ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের অভিভাবক শেড, গেইট এবং ক্যান্টিন নির্মাণ কাজটি ইনস্পায়ার মেডকম, বাড়ী#৯৮৯, রোড#১৬, এভিনিউ-২, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬ এর অনুদানে ও তত্ত্বাবধানে বাস্তবায়ন শুরু করা হয়। কিন্তু বর্তমানে কাজটি ৫০% সম্পন্ন করে অবশিষ্ট কাজ অসমাপ্ত রয়েছে। এ বিষয়ে ইনস্পায়ার মেডকম কর্তৃপক্ষ গত ০২/৮/২০১৬ তারিখের আবেদনে জানান যে, স্কুলের গেইট সংলগ্ন ০২টি দোকান (ক্যান্টিন) বরাদ্দের বিষয়টি নিশ্চিত না হওয়ার কারণে উক্ত স্থাপনার সকল নির্মাণ কাজ আপাততঃ বন্ধ রয়েছে। এ বিষয়ে বিদ্যালয় পরিচালনা পর্ষদের মতামত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের অভিভাবক শেড, গেইট এবং ক্যান্টিন নির্মাণ কাজ এবং ইনস্পায়ার মেডকম-কে দোকান বরাদ্দের বিষয়ে বিদ্যালয় পরিচালনা পর্ষদের মতামতসহ সুনির্দিষ্ট প্রস্তাব বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৩: মিরপুর সেনানিবাসস্থ অফিসার্স পারিবারিক বাসস্থান এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা এবং নির্ঝর আবাসিক এলাকার শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা সরবরাহ কাজে জন্য ১৯/৭/২০১৬ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৫৩৩/৪৫ নং কার্যাদেশপত্রটি সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স আল হাসনাত এন্টারপ্রাইজ এর ০৩/৮/২০১৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে বাতিল করণ প্রসংগে।

আলোচনা: মিরপুর সেনানিবাসস্থ অফিসার্স পারিবারিক বাসস্থান এলাকায় শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা এবং নির্ঝর আবাসিক এলাকার শিশুপার্কে ০৪টি আধুনিক খেলনা সরবরাহ করার জন্য মেসার্স আল হাসনাত এন্টারপ্রাইজ-কে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু সংশ্লিষ্ট ঠিকাদার উক্ত মালামালগুলো চায়না থেকে আমদানী করতে দীর্ঘ সময়ের প্রয়োজন এবং তার শারিরীক অসুস্থতার কথা জানিয়ে প্রকল্পটি বাস্তবায়ন হতে অব্যাবহি চেয়ে আবেদন করেন।

সিদ্ধান্ত: মেসার্স আল হাসনাত এন্টারপ্রাইজ এর অনুকূলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯/৭/২০১৬ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৫৩৩/৪৫ নং পত্রের মাধ্যমে প্রদত্ত কার্যাদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৪: শহীদ সরণিস্থ পুরাতন এয়ার হেড কোয়ার্টারের বিপরীত দিকে ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ কাজে মেসার্স আজিজ কর্পোরেশনকে ইস্যুকৃত ১৮/৫/২০১৬ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৪৯৯/২৯ নং কার্যাদেশে উল্লেখিত আরসিসি ঢালাই কাজের পরিবর্তে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কার্পেটিং কাজকরণ প্রসংগে।

আলোচনা: শহীদ সরণিস্থ পুরাতন এয়ার হেড কোয়ার্টারের বিপরীত দিকে ফুটপাতের নিচে পাইপ ড্রেন থাকার কারণে মূল্যানুমান ও কার্যাদেশ মোতাবেক আরসিসি ঢালাই করা সম্ভব হচ্ছে না। উক্ত রাস্তা সম্প্রসারণ কাজের কার্পেটিং কাজ করা হলে পুরাতন রাস্তা শহীদ সরণির সাথে সামঞ্জস্যপূর্ণ হবে বিধায় আরসিসি ঢালাই কাজের পরিবর্তে কার্পেটিং কাজ করা যুক্তযুক্ত হবে। এক্ষেত্রে কার্যাদেশে উল্লেখিত মেসার্স আজিজ কর্পোরেশনকে অত্র দপ্তর হতে ইস্যুকৃত কার্যাদেশ মোতাবেক ২,৯১,১৫৫.০০ (দুই লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চান্ন) টাকার স্থলে ১,৯৫,৫৩৩.০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত তেত্রিশ) টাকা ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। ঠিকাদারকে আরসিসি রোডের কাজের পরিবর্তে কার্পেটিং কাজের বিল পরিশোধ করার জন্য অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত: শহীদ সরণিস্থ পুরাতন এয়ার হেড কোয়ার্টারের বিপরীত দিকে ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ কাজে বাস্তবতার নিরিখে আরসিসি রোডের পরিবর্তে কার্পেটিং করার অনুমোদনসহ উক্ত কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স আজিজ কর্পোরেশনকে ২,৯১,১৫৫.০০ (দুই লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চান্ন) টাকার স্থলে ১,৯৫,৫৩৩.০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত তেত্রিশ) টাকার বিল পরিশোধের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৫: ঢাকা সেনানিবাসের আওতাধীন এলাকাসমূহে নিরাপত্তা বাতি সচল রাখার লক্ষ্যে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে একটি হাইড্রোলিক বীম লিফটার (টেলিস্কোপিক টাইপ) ক্রয়করণ প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাসের শহিদ সরণি ও স্বাধীনতা সরণিসহ বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ডিওএইচএস ও মিরপুর সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিরাপত্তা বাতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ করা হয়। অত্র দপ্তরের কোন হাইড্রোলিক বীম লিফটার না থাকায় অত্যাবশ্যকীয় এ সার্ভিস প্রদান করতে প্রায়শঃই নানা ধরণের সমস্যায় পড়তে হয়। উল্লেখ্য যে, ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক দিয়ে বিদেশী রাষ্ট্র প্রধানসহ ভিভিআইপিগণ যাতায়াত করে থাকেন। সার্বিক নিরাপত্তার স্বার্থে উক্ত সড়কগুলোতে সার্বক্ষণিক নিরাপত্তা বাতি সচল রাখা প্রয়োজন পড়ে। বিদ্যুৎ সরবরাহ ও নিরাপত্তা বাতি মেরামত কাজে কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে একটি হাইড্রোলিক বীম লিফটার ক্রয় করা জরুরী। একটি হাইড্রোলিক বীম লিফটার ক্রয়ের দরপত্র প্রদানের জন্য প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেডকে অত্র দপ্তর কর্তৃক পত্র দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড কর্তৃক ০১(এক) ইউনিট হাইড্রোলিক বীম লিফটার (টেলিস্কোপিক টাইপ) সরবরাহের জন্য ০৪/৮/২০১৬ তারিখের স্মারক নং-৩৬.০৯৩.০০০.০৯.৭৭.বি:২৩.২০১৬-১৮৯ এর মাধ্যমে ৮৪,৬৫,০০০/- (চুরাশি লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার একটি দরপত্র দাখিল করা হয়েছে। এ প্রসংগে আলোচনায় অংশগ্রহণ করে সদস্যগণ জানান যে, হাইড্রলিক বীম লিফটার যেহেতু সার্বক্ষণিক ব্যবহার হয় না তাই প্রয়োজন অনুযায়ী সিটি কর্পোরেশন বা অন্য কোন সংস্থা থেকে ভাড়ায় বা অন্য কোনভাবে এনে ব্যবহার করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক দিয়ে ভিভিআইপিসহ রাষ্ট্রীয় অতিথিবৃন্দ যাতায়াত করে থাকেন বিধায় উক্ত সড়কে সার্বক্ষণিক নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য সিটি কর্পোরেশন থেকে মাসে ২ দিন হাইড্রলিক বীম লিফটার প্রদানের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৬: রজনীগন্ধা টাওয়ার এর লিফ্ট ও জেনারেটর সচল রাখার নিমিত্তে নিয়মিত সার্ভিসিং, লিফ্টম্যান নিয়োগ এবং মেরামত/রক্ষণাবেক্ষণ ইত্যাদিসহ যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আলোক হেলথ কেয়ার লিমিটেড এর সাথে বাৎসরিক চুক্তিপত্র সম্পাদন।

আলোচনা: বর্তমানে রজনীগন্ধা টাওয়ারের ০২টি লিফট ও ০১টি জেনারেটর নিয়মিত সার্ভিসিং এর অভাবে বিপজ্জনক অবস্থায় রয়েছে। উল্লেখ্য যে গত ০৪/৭/২০১৬ তারিখে কয়েকজন অসুস্থ রোগীসহ লিফটটি আটকে যায় এবং অটো জেনারেটরও স্টার্ট হয়নি। ফলে আটকে যাওয়া লোকজন ভয়ে কাতর হয়ে যায় মর্মে আলোক হেলথ কেয়ার লিঃ কর্তৃক ০৭/৮/২০১৬ তারিখের পত্রের মাধ্যমে অত্র দপ্তরে জানানো হয়েছে। আলোক হেলথ কেয়ার কর্তৃক ০৬/৭/২০১৬ তারিখে নিজ খরচে লিফ্ট ও জেনারেটর সচল করা হয়েছে মর্মে জানানো হয়েছে। উক্ত টাওয়ারে বিদ্যমান ০২টি লিফট এর মধ্যে ০১টি লিফট ও জেনারেটরের চাবি আলোক হেলথ কেয়ার লিঃ কে হস্তান্তর করে অসুস্থ রোগীগণকে সহজভাবে ও নির্বিঘ্নে সেবা প্রদানের সুযোগ দিতে সহযোগিতা কামনা করেছেন।

সিদ্ধান্ত: রজনীগন্ধা টাওয়ার এর ০১টি লিফ্ট ও জেনারেটর নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য দরপত্র আহ্বান করে চুক্তিপত্র সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৭: ডেভেলোপার ফস্টার রিয়েল এস্টেট লিঃ এর তালিকাভুক্তি বাতিল করণ প্রসংগে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০২ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.৫৫.০২.০৮.১৬ নং পত্র।

আলোচনা: জনাব মোঃ মিজানুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, ফস্টার রিয়েল এস্টেট লিমিটেড কর্তৃক মহাখালী ডিওএইচএস এলাকার ৩৮২, বি/১০৩, বি/১৮৫, ১২৩ ও ২৮২ নং প্লটে ডেভেলপার হিসেবে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত বাবদ মোট ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। উক্ত ডেভেলপার কোম্পানী সংশ্লিষ্ট প্লটসমূহের বাড়ী নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত না করে ফেলে রেখেছেন। এ বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদ উক্ত ডেভেলপার কোম্পানীকে সালিশীর মাধ্যমে মিমাংসা করার চেষ্টা করা হলেও উক্ত ডেভেলপার কোম্পানী ডিওএইচএস পরিষদকে সহযোগিতা না করায় মিমাংসা করা সম্ভব হয়নি। ফলে মহাখালী ডিওএইচএস পরিষদের ২১ জুলাই ২০১৬ তারিখের ডিওএইচএস-মহা/১১১/১৬ নং পত্রে উক্ত ডেভেলপার কোম্পানীকে কালো তালিকাভুক্ত করার জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে সুপারিশ করেন। উল্লেখ্য যে উক্ত কোম্পানী মহাখালী ডিওএইচএস হতে বনানী ডিওএইচএস এলাকায় অফিস স্থানান্তর করেছেন। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ০২ আগষ্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.৫৫.০২. ০৮.১৬ নং পত্রের মাধ্যমে ফষ্টার রিয়েল এষ্টেট লিমিটেড এর এরূপ কর্মকান্ড প্লট মালিকদের হয়রানি এবং তাদের মানসিক ও অর্থনৈতিক ক্ষতির কথা বিবেচনা করে প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে বর্ণিত কোম্পানীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য অত্র দপ্তরকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত: ফস্টার রিয়েল এস্টেট লিমিটেড এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি করার জন্য চূড়ান্ত পত্র প্রদান করতে হবে এবং ব্যর্থতায় উক্ত কোম্পানীর জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ কালোতালিকাভুক্ত করার কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত বাবদ ৬৯,৬০০.০০ (ঊনসত্তর হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত করতে ৬৯,৬০০.০০(ঊনসত্তর হাজার ছয়শত) টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১। | পিষ্টন রিং | ০১ সেট | ১১৭০০.০০ | ১১৭০০.০০ |
| ২। | মেইন বিগিন বেয়ারিং | ০১ সেট | ২৬০০.০০ | ২৬০০.০০ |
| ৩। | থাষ্ট ওয়াশার | ০১ সেট | ৬৫০.০০ | ৬৫০.০০ |
| ৪। | হেড গ্যাসকিট | ০১ সেট | ৭১৫০.০০ | ৭১৫০.০০ |
| ৫। | মবিল ফিল্টার | ০১টি | ৮৭৫.০০ | ৮৭৫.০০ |
| ৬। | এয়ার ফিল্টার | ০১টি | ২৬০.০০ | ২৬০.০০ |
| ৭। | প্লাগ | ০৪টি | ৪১৬০.০০ | ৪১৬০.০০ |
| ৮। | লিকুইট পেষ্ট | ০১টি | ৫৮৫.০০ | ৫৮৫.০০ |
| ৯। | লেদ মেশিন চার্জ | -- | -- | ১০০৭৫.০০ |
| ১০। | এসি মেরামত | -- | -- | ১২০৪৫.০০ |
| ১১। | ইঞ্জিন ভাল্ব | -- | -- | ৮৪৫০.০০ |
| ১২। | ওয়েল পাম্প | ০১টি | ৪৫৫০.০০ | ৪৫৫০.০০ |
| ১৩। | মেরামত খরচ | -- | -- | ৬৫০০.০০ |
| | | | মোট = | ৬৯,৬০০.০০ |

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮) বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত বাবদ ৬৯,৬০০.০০ (ঊনসত্তর হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে অস্থায়ী/মাস্টার রোলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানে অস্থায়ী/মাস্টার রোলে বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত আছেন। বর্তমানে জাতীয় বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ায় স্থায়ীভাবে কর্মরতদের বেতন বৃদ্ধি পেলেও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের বেতন পূর্বের হারে পেয়ে আসছেন। সম্প্রতি অর্থ মন্ত্রণালয় ২০তম গ্রেডে মাসিক বেতন ১৫,৫৫০.০০ (পঁনের হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা এবং ১৭ তম গ্রেডে মাসিক বেতন ১৭,০৪৫.০০ (সতের হাজার পঁয়তাল্লিশ) টাকা। আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে মাস্টার রোলে অস্থায়ীভাবে মোট ১১০ জন নিয়োজিত আছেন।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে মাস্টাররোলে নিয়োজিত ১১০ জন কর্মকর্তা/কর্মচারীর বেতন মাসিক ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩০: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের উত্তর পার্শ্বের ২য় তলা ভবনের ৩য় তলা সম্পূর্ণ নির্মাণকরণ প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ১১/৮/২০১৬ তারিখের শরক্যাস/ঢাক্যাবো/১০/৭/৩২৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভীতে ২য় তলা পর্যন্ত ভবন নির্মাণ করা আছে। উক্ত ২য় তলার উপর মোট ০৬টি শ্রেণীকক্ষের জায়গা আছে। তন্মধ্যে ০৩টি শ্রেণীকক্ষ নির্মাণ কাজ ৫৫,৩৯,৬৪৮.০০ (পঞ্চান্ন লক্ষ উনচল্লিশ হাজার ছয়শত আটচল্লিশ) টাকা ব্যয়ে নির্মাণাধীন আছে। পরিচালনা পর্ষদের ১৩তম সভার কার্যবিবরণীসহ পত্র প্রেরণ করে অবশিষ্ট ০৩টি শ্রেণীকক্ষ নির্মাণ করার জন্য প্রধান শিক্ষক অনুরোধ করেছেন। অবশিষ্ট শ্রেণী কক্ষ নির্মাণ করতে আনুমানিক ৫৫,০০,০০০.০০ (পঞ্চান্ন লক্ষ) টাকা ব্যয় হতে পারে।

সিদ্ধান্ত: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভীতের উপর ৩য় তলায় নির্মাণাধীন ৩টি শ্রেণীকক্ষের সাথে আরো ৩টি শ্রেণী কক্ষ নির্মাণের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যালয় তহবিল হতে সংকুলান সাপেক্ষে নির্মাণ করতে হবে। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩১: রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে খালি জায়গা (পুকুর) ভরাটকরণসহ ১৮´´ ডায়া আরসিসি পাইপ স্থাপন প্রসংগে।

আলোচনা: পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বের খালি জায়গায় গরুর হাট বসানোর জন্য ইজারা প্রদান করা হয়। উক্ত হাটের ইজারাদার জনাব মঞ্জুরুল হক শামীম, প্রোঃ- মেসার্স হামিদা এন্টারপ্রাইজ ১৫/৮/২০১৬ তারিখের আবেদনের মাধ্যমে গরুর হাটের মাঠ সংস্কার ও খালি জায়গা ভরাট করার জন্য অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য যে, মার্কেটে কামারপট্টি সংলগ্ন গ্রুপ টয়লেট রয়েছে। রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে খালি জায়গা (পুকুর) ভরাটকরণসহ গ্রুপ টয়লেটের পানি নিষ্কাশনের জন্য ১৮´´ ডায়া আরসিসি পাইপ স্থাপন করা প্রয়োজন।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে খালি জায়গা (পুকুর) ভরাটকরণসহ ১৮´´ ডায়া আরসিসি পাইপ স্থাপন কাজের জন্য ২০,০১,০২৫.০০ (বিশ লক্ষ এক হাজার পঁচিশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর ইঞ্জিন ওভারহলিং এবং বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্ত ১,০১,৭৫০.০০ (এক লক্ষ এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর ইঞ্জিন ওভারহলিং এবং নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,০১,৭৫০.০০(এক লক্ষ এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | ছকেট জাম্পার | ০২ সেট | ৫৮৫০.০০ | ১১৭০০.০০ |
| ২। | ব্রেক প্যাড | ০১ সেট | ১১৫০.০০ | ১১৫০.০০ |
| ৩। | রেকার সাশপেনশন বুশ | ০৪টি | ১১০০.০০ | ৪৪০০.০০ |
| ৪। | রেকার টানা মাউন্টিং | ০৪টি | ৮৫০.০০ | ৩৪০০.০০ |
| ৫। | সামনের চাকার বেয়ারিং | ০৪টি | ৬৫০.০০ | ২৬০০.০০ |
| ৬। | পিষ্টন | ০১ সেট | ৪৭০০.০০ | ৪৭০০.০০ |
| ৭। | পিষ্টন রিং | ০১ সেট | ৩২০০.০০ | ৩২০০.০০ |
| ৮। | ওভার হুলিং কিট | ০১ সেট | ৬০০০.০০ | ৬০০০.০০ |
| ৯। | ইঞ্জিন ভাল্ব | ০১সেট | ৭৬০০.০০ | ৭৬০০.০০ |
| ১০। | ওয়েল পাম্প | ০১টি | ৪৫০০.০০ | ৪৫০০.০০ |
| ১১। | ইঞ্জিন মাউন্টিং | ০১টি | ৮৩০০.০০ | ৮৩০০.০০ |
| ১২। | সিএনজি সুইচ | ০১টি | ২২০০.০০ | ২২০০.০০ |
| ১৩। | ব্লক বরিং পলিশ | ০১টি | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ১৪। | হেডের সীট নতুন তৈরী | -- | ২৬০০.০০ | ২৬০০.০০ |
| ১৫। | ইঞ্জিন ওভার হুলিং | -- | ৬০০০.০০ | ৬০০০.০০ |
| ১৬। | কনপ্রেসার রিফারিং | ০১টি | ১৪০০.০০ | ১৪০০.০০ |
| ১৭। | গাড়ীর এসি মেরামত | -- | ১২০০০.০০ | ১২০০০.০০ |
| ১৮। | সীট কভার নতুন তৈরী | -- | ৯৫০০.০০ | ৯৫০০.০০ |
| ১৯। | সীট ঝালাই, বডি মেরামত | -- | ৭৮০০.০০ | ৭৮০০.০০ |
| ২০। | হর্ণ | ০১ সেট | ১২০০.০০ | ১২০০.০০ |
| | | | মোট = | ১,০১,৭৫০.০০ |

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর ইঞ্জিন ওভারহলিং এবং বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্ত ১,০১,৭৫০.০০ (এক লক্ষ এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৩: মেসার্স এম এ খান এন্টারপ্রাইজ লিঃ এবং মেসার্স সাওয়া এন্টারপ্রাইজ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তকরণ প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য মেসার্স এম এ খান এন্টারপ্রাইজ লিঃ এবং মেসার্স সাওয়া এন্টারপ্রাইজ আবেদন করেছেন। আবেদনপত্র দু'টি যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেছে। প্রতিষ্ঠান দু'টিকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স এম এ খান এন্টারপ্রাইজ লিঃ এবং মেসার্স সাওয়া এন্টারপ্রাইজ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩৪: আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস-কে স্টেশনারী সামগ্রী সরবরাহের জন্য ৩,০৬,৬০০.০০ (তিন লক্ষ ছয় হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা: ঢাকা সেনানিবাসে অবৈধ যানবাহন প্রবেশের মামলার জন্য আর্মি এমপি ইউনিটের চাহিদা মোতাবেক স্টেশনারী সরবরাহের জন্য ৩,০৬,৬০০.০০ (তিন লক্ষ ছয় হাজার ছয়শত) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত: আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস-কে স্টেশনারী সামগ্রী সরবরাহের জন্য ৩,০৬,৬০০.০০ (তিন লক্ষ ছয় হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৫: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের পূর্ব পার্শ্বে খালি জায়াগায় ইজারাকৃত ট্রাক স্ট্যান্ডের বিপরীতে জমাকৃত ১(এক) লক্ষ টাকার পে-অর্ডার ফেরত প্রদানের বিষয়ে ইজারা গ্রহীতা জনাব মোঃ এনায়েত সিকদার এর ২৭/৭/২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: গত ২০ মে ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৮ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন পূর্ব পার্শ্বে ট্রাক ও পিক আপ পার্কিং ইজারার টোল আদায়ের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরতযোগ্য জামানত এবং মাসিক ২০,৫০০/-(বিশ হাজার পাঁচশত) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা সাপেক্ষে ১ জুন ২০১৪ তারিখ হতে ০৬(ছয়) মাসের জন্য জনাব মোঃ এনায়েত সিকদার-কে অনুমতি প্রদান করা হয়। উক্ত পার্কিং স্থানটি ০৪(চার) মাস ব্যবহারের পর মাটি ভরাটের কাজের জন্য কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে টোল আদায় বন্ধ করে দেয়া হয়। দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর ইজারা গ্রহীতা জনাব মোঃ এনায়েত সিকদার উক্ত স্থানে পুনরায় টোল আদায়ের অনুমতি চেয়ে ১৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ২৮ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় উপস্থাপন করা হলে আবেদনটি বিবেচনা করা হয়নি। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হলে তিনি ফেরতযোগ্য জামানত বাবদ জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত চেয়ে ২৭ জুলাই ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের পূর্ব পার্শ্বে খালি জায়াগায় ইজারাকৃত ট্রাক স্ট্যান্ডের ইজারা গ্রহীতার নিকট বোর্ডের কোন পাওনা না থাকলে জমাকৃত ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩৬: অস্থায়ী শিল্প সমন্বয় সেল, প্রযত্নে: সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১০/৮/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০১.০১১.০১.১০.০৮.১৬ নং পত্রের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জন্য ২ জোড়া লিফ্‌ট, ৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নিনির্বাপন ব্যবস্থার সরঞ্জামাদি সরবরাহের বিষয়ে বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিঃ এর ১৪/৮/২০১৬ তারিখের এমটি/এমকেটি/০৮/ ২০১৬/৪৯৬২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর জন্য ২ জোড়া লিফ্‌ট, ০৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা সরবরাহ ও স্থাপনের জন্য বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড, গাজীপুর সেনানিবাসের ২৩ আগস্ট ২০১৬ তারিখের বিএমটিএফ/এমকেটি/০৮/২০১৬/৫০১৩ নং পত্র ও তৎসংযুক্ত অস্থায়ী শিল্প সমন্বয় সেল, প্রযত্নে: সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১০ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০১.০১১.০১. ১০.০৮.১৬ নং পত্রের মাধ্যমে আগ্রহ প্রকাশ করা হয়েছে। এ প্রেক্ষিতে অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জন্য ০২ জোড়া লিফ্‌ট, ০৮ জোড়া এ্যাসকেলেটর এবং অগ্নি নির্বাপন ব্যবস্থার সরঞ্জামাদি সরবরাহের বিষয়ে বিএমটিএফ থেকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চাওয়া যেতে পারে।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর জন্য ২ জোড়া লিফ্‌ট, ০৮ জোড়া এ্যাসকালেটর এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা সরবরাহ ও স্থাপনের জন্য বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড-কে অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩৭: নির্ঝর আবাসিক এলাকায় বৃক্ষরোপণ অভিযান-২০১৬ উপলক্ষে চারা, মাটি, গোবর ও অন্যান্য দ্রব্যাদি ক্রয়ের জন্য ভ্যাট ও আয়করসহ ৪,৪৬,৮৫০.০০ (চার লক্ষ ছেচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা: বৃক্ষরোপণ অভিযান-২০১৬ উপলক্ষে ঢাকা সেনানিবাসস্থ নির্ঝর আবাসিক এলাকায় ৪৫৪ টি বিভিন্ন জাতের গাছের ক্রয় এবং উক্ত চারা রোপনের জন্য সার, গোবর, ভিটিমাটি, বাঁশ, ব্যানার, ডিজিটাল ম্যাপ, শ্রমিক ইত্যাদি বাবদ ৪,৪৬,৮৫০.০০ (চার লক্ষ ছেচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত: নির্ঝর আবাসিক এলাকায় বৃক্ষরোপণ অভিযান-২০১৬ উপলক্ষে সার, গোবর, ভিটিমাটি, বাঁশ, ব্যানার, ডিজিটাল ম্যাপ, শ্রমিক ইত্যাদি বাবদ আয়কর ও ভ্যাট সহ ৪,৪৬,৮৫০.০০ (চার লক্ষ ছেচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৮: মিরপুর ডিওএইচএস এর ২৪১ ও ২৪৩ নং প্লটে যৌথভাবে নির্মিত ০৬(ছয়) তলা ভবনের উপর ৭ম তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের আবেদন পুন:বিবেচনার জন্য সংশ্লিষ্ট প্লট মালিক লেঃ কর্ণেল আবু সরাফত জামিল (অবঃ) ও ব্রিগেঃ জেনাঃ এ কে এম ফরিদ উদ্দিন আহম্মদ (অবঃ) এর ১৭ আগস্ট, ২০১৬ তারিখের আবেদনের বিষয়ে আলেচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: গত ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৪(২) এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস এর ২৪১ ও ২৪৩ নং প্লটে যৌথভাবে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের নকশা অনুমোদনের প্রস্তাব উপস্থাপন করা হলে ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের বিষয়ে মতামত প্রদানের জন্য এমআইএসটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এমআইএসটি কর্তৃক গত ২৪/৪/২০১৬ তারিখের সিএটিএস-এমআইএসটি/প্লট-২৪১ ও ২৪৩/৪/২০১৬ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটে ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ করা যাবে না মর্মে মতামত প্রদান করে। প্লট মালিক উর্ধ্বমুখী সম্প্রসারণের নকশা অনুমোদনের জন্য পুনরায় অত্র দপ্তরে আবেদনপত্র দাখিল করেছেন। ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা অনুমোদনের ক্ষেত্রে এমআইএসটি এর কারিগরী প্রত্যয়ন ব্যতিরেকে ক্যান্টনমেন্ট কর্তৃক বোর্ড নকশা অনুমোদন করা হয় না বিধায় এ বিষয়ে আর কোন কার্যক্রম না করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে গত ২৫ জুলাই ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণের প্রস্তাব এমআইএসটি কর্তৃক কারিগরীভাবে অনুমোদন না করায় এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হয়েছে। পরবর্তী সংশ্লিষ্ট প্লট মালিক পুনরায় ১৭ আগস্ট ২০১৬ তারিখের আবেদনে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ না করে তিনি ভিন্নভাবে নির্মাণ কাজ করেছেন মর্মে অবহিত করেছেন এবং নির্মিত ভবন অনুযায়ী নকশা প্রস্তুত করে পুনঃবিবেচনার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করেছেন।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ২৪১ ও ২৪৩ নং প্লটে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত নকশা এবং বাড়ীর মালিক কর্তৃক দাখিলকৃত As built drawing এর মধ্যে টেকনিক্যাল ভেরিয়েশন ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক নিরূপন করা হবে এবং প্লট মালিকগণ কর্তৃক অনুমোদিত নকশা মোতাবেক বাড়ী নির্মাণ না করার বিষয়ে বাড়ীর মালিকের যৌক্তিকতা ব্যাখ্যাসহ টেকনিক্যাল ডেভিয়েশন এর বিষয়ে কারিগরী মতামতের জন্য CATS-MIST-তে প্রেরণ করতে হবে। উল্লেখ্য কারিগরী মতামতের জন্য CATS-MIST এবং ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় ফি প্লট মালিকগণকে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-৩৯: পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়াগায় গরুর হাটের ইজারা দর ১,২৩,০০,৫০০/- (এক কোটি তেইশ লক্ষ পাঁচশত) টাকা ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়গায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০১৬ উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারার জন্য গত ০৩/৮/২০১৬ তারিখে দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করা হলে মোট ৫৭ (সাতান্ন)টি দরপত্র সিডিউল বিক্রি করা হয়। ১০/৮/২০১৬ তারিখে জিডিও এবং দরদাতাদের উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হলে মোট ১১ (এগার) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত ১১(এগার) জন Responsive দরদাতার মধ্যে হামিদা এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মনজুরুল হক শামীম, ২৪২/এফ-১, পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবাস, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,২৩,০০,৫০০.০০ (এক কোটি তেইশ লক্ষ পাঁচশত) টাকার দরটি সর্বোচ্চ এবং যুক্তিযুক্ত হওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়গায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০১৬ উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারা প্রদানের লক্ষ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য টেন্ডার ইভাল্যুয়েশন কমিটি সুপারিশ করেছে এবং দরটি প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত হয়। দরটি চূড়ান্ত অনুমোদনের জন্য অত্র দপ্তরের ১৭ আগস্ট ২০১৬ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/সাধাঃ/ ২৩/৩৬৩ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ১৮ আগস্ট ২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-এ-৯/শা-৩/২২২ নং পত্রে চূড়ান্ত অনুমোদন হয়। তৎপ্রেক্ষিতে ইজারা গ্রহীতা ভ্যাট ও আয়করসহ সমুদয় টাকা পরিশোধ করায় মেসার্স হামিদা এন্টারপ্রাইজ এর অনকূলে বরাদ্দ পত্র প্রদান করাসহ চুক্তিপত্র সম্পাদিত হয়েছে। ইজারার ১,২৩,০০,৫০০/-(এক কোটি তেইশ লক্ষ পাঁচশত) টাকার দরটি ঘটনোত্তর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়াগায় গরুর হাটের ইজারা বাবদ ১,২৩,০০,৫০০/- (এক কোটি তেইশ লক্ষ পাঁচশত) টাকার সর্বোচ্চ দর ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ সংক্রান্ত বিষয়ে গৃহীত কার্যক্রম প্রসংগে।

আলোচনা: সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৯ এপ্রিল, ২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/ঢাকা/৪৮৭/শা-২/৭৫ নং পত্র, ২৭/০৮/২০১৫ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-১০/শা-২/৪১ নং পত্র এবং ২৭/০৮/২০১৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-১০/শা-২/৪৩ নং পত্রের মাধ্যমে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য ছাড়পত্র পাওয়া যায়। পরবর্তীতে ১৮/০৫/২০১৬ তারিখে দৈনিক প্রথম আলো ও যুগান্তর পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে নিম্নোক্তভাবে পদসমূহে বিপরীতে উল্লেখিত আবেদনপত্র পাওয়া যায়ঃ-

| ক্র/নং | পদের নাম | সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ | প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা | আবেদনের শেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোয়াজ্জিন | ০১ | ১০২০০-২৪৬৮০/- | ৫৩ | ১০/০৬/২০১৬ | |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ৫৭ | | |
| ৩. | হিসাব করণিক | ০২ | ৯৩০০-২২৪৯০/- | ১১৯ | | |
| ৪. | ট্যাক্স কালেক্টর | ০২ | ৯৩০০-২২৪৯০/- | ১০৯ | | |
| ৫. | ট্যাক্স এসেসর | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ০৯ | | |
| ৬. | সিনিয়র ইলেকট্রিক লাইনম্যান | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ১০ | | |
| ৭. | কঞ্জারভেন্সী সুপারভাইজার | ০১ | ৯০০০-২১৮০০/- | ১১১ | | |
| ৮. | মালী | ০৪ | ৮২৫০-২০০১০/- | ১৭২ | | |
| ৯. | পরিচ্ছন্নতা কর্মী | ০৩ | ৮২৫০-২০০১০/- | ৫৬ | | |
| ১০. | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) | ০১ | ১১০০০-২৬৫৯০/- | ৮৪ | | |
| ১১. | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) | ০১ | ১১০০০-২৬৫৯০/- | ৩২ | | |
| ১২. | রিসিপশনিষ্ট | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ১৭ | | |
| ১৩. | ড্রেসার/ওটিএ/ আইসিএ | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ১৩ | | |
| ১৪. | ড্রেসার/ওটিএ/ আইসিএ | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ০৪ | | মুক্তিযোদ্ধা কোটার জন্য সংরক্ষিত |
| ১৫. | ওয়ার্ড মাষ্টার | ০১ | ৯৩০০-২২৪৯০/- | ৪৭ | | |
| ১৬. | ওয়ার্ড বয় | ০২ | ৮২৫০-২০০১০/- | ২৯ | | |
| ১৭. | আয়া | ০২ | ৮২৫০-২০০১০/- | ২৪ | | |
| | মোট = | ২৬টি | | ৯৪৬ টি | | |

আলোচনায় জানা যায় যে, সম্প্রতি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে আরো কিছু শূন্য পদের বিপরীতে নিয়োগের ছাড়পত্র পাওয়া গেছে।

সিদ্ধান্ত: উপরোল্লিখিত ২৬টি পদসহ সম্প্রতি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে ছাড়পত্র প্রদানকৃত পদের বিপরীতে আবেদনপত্র আহ্বান করে একসংগে নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪১: কচুক্ষেত পুরান বাজার এলাকার সকল রাস্তা উঁচুকরণ, ড্রেন নির্মাণ ও পাকা করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: কচুক্ষেত পুরান বাজার এলাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ঢাকা সেনানিবাসের চ্যাপ্টার্ড এরিয়া। উক্ত এলাকার পৌর কর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আদায় করা হয়ে থাকে বিধায় এ এলাকায় সকল নাগরিক সুবিধা নিশ্চিত করাও ক্যান্টনমেন্ট বোর্ডের দায়িত্ব। কচুক্ষেত পুরান বাজার এলাকার অধিকাংশ রাস্তা নিচু ও ভাঙ্গাচোরা এবং ড্রেনসমূহ ভেঙ্গে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। যার ফলে জন ও যান চলাচলে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই কচুক্ষেত পুরান বাজার এলাকার রাস্তা উঁচুকরণ, ড্রেন নির্মাণ ও পাকা করা প্রয়োজন।

সিদ্ধান্ত: কচুক্ষেত পুরান বাজার এলাকার ১, ২, ৩ ও ৪ নং রাস্তা উঁচু ও পাকাকরণ এবং ড্রেন নির্মাণের জন্য যথাক্রমে ৮১,৩৪,১৪৭/- টাকা, ৩৭,৯৩,৩৫৬/- টাকা, ৫৬,৪৫,৩৩৮/- টাকা এবং ৭২,৬২,৬৮৩/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার বর্জ্য ব্যবস্থাপনা প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাস, মিরপুর সেনানিবাস, ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর এলাকার দৈনন্দিন গৃহস্থালি বর্জ্য ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করে মিরপুর সেনানিবাসের একটি ডাম্পিং এরিয়ায় ফেলা হয়। ঢাকা ও মিরপুর সেনানিবাসের কলেবর ও কার্যপরিধির সাথে সাথে জনবসতি বৃদ্ধি পাওয়ায় দৈনিক যে পরিমাণ গৃহস্থালি বর্জ্য হচ্ছে তা ডাম্পিং করার জন্য বিদ্যমান ডাম্পিং গ্রাউন্ড যথেষ্ট বলে প্রতীয়মান হচ্ছে না। উপরন্তু দৈনিক প্রায় ৬০ (ষাট) টন বর্জ্য উল্লিখিত স্থানসমূহ হতে ট্রাকে করে দিনব্যাপী পরিবহন করার ফলে সন্নিহিত এলাকার নাগরিকদের স্বাস্থ্য ঝুঁকি তৈরী করছে। এ সমস্যা নিরসনকল্পে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ব্যবস্থাধীনে ঢাকা ও মিরপুর সেনানিবাস এবং সংলগ্ন ৪টি ডিওএইচএস এর গৃহস্থালি বর্জ্য অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯/৬/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৬১.০৭.০০২.০১.০৯.০৬.১৬ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার ১৮/৮/২০১৬ তারিখের ৪৬.২০৭.০০০.১২.০০.০৫.১৯৭.২০১৬-১২৪(১) নং পত্রের মাধ্যমে ০১ আগস্ট, ২০১৭ তারিখ হতে টন প্রতি ১,০০০.০০ (এক হাজার) টাকা সেবামূল্য প্রদান সাপেক্ষে বর্জ্য অপসারণের সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে মর্মে জানানো হয়েছে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাস এলাকা থেকে প্রতিদিন কি পরিমাণ গৃহস্থালি বর্জ্য অপসারণ করা হয় তার সঠিক পরিমাপ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ০৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট তথ্য উপাত্তসহ উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪৩: স্বাধীনতা সরণিস্থ বনানী চেকপোষ্টে গেইট নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা।

আলোচনা: স্বাধীনতা সরণিস্থ বনানী চেকপোষ্টে গেইট নির্মাণের জন্য কনসালটেন্ট কর্তৃক নকশা প্রস্তুত করে ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করা হয়েছে। বিস্তাতির মূল্যানুমান প্রস্তুত করে চুড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত: স্বাধীনতা সরণিস্থ বনানী চেকপোষ্টে গেইট নির্মাণ কাজের বিস্তারিত মূল্যানুমান ও নকশা অনুযায়ী কাজ শুরু করা এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪৪: গত ০৩ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৬বিবিধ-৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি নং প্লট পুন:গ্রহণের (Resumption) বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লটে বাড়ী নির্মানের বিষয়ে প্লট মালিক, ডেভেলপার কোম্পানী ও ফ্ল্যাট ক্রেতাগণের মধ্যে সৃষ্ট জটিলটার পরিপ্রেক্ষিতে ০১ জুন ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৪ এর মাধ্যমে ইজারা প্রদানের বিষয়ে এবং ইজারার কোন শর্ত লঙ্ঘণ হয়েছে কিনা তা যাচাই করে কার্যক্রম গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় ঃ-

(ক) কর্ণেল মোস্তাফিজুর রহমান -- সভাপতি
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।

(খ) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক -- সদস্য
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(গ) আইন উপদেস্টা -- সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

উক্ত কমিটি গত ৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি নং প্লটের বিষয়ে দাখিলকৃত প্রতিবেদনে নিম্নোক্ত মতামত ও সুপারিশ প্রদান করেছেন ঃ

"১। যেহেতু ৬৫/এ নং প্লটখানা এবং তদপরিবর্তীতে ৬৭/এ ও ৬৭/বি নং প্লট দুইটি জনাব আঃ কাদিরের নামে রেজিষ্ট্রি না হওয়ায় উক্ত প্লটসমূহে কাদিরের কোন স্বত্ত্ব জন্মায় নাই। এছাড়াও ৬৭/এ নং প্লটখানা মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়াই জনাবা সালমা বেগম এর নামে অবৈধভাবে ইজারা প্রদান করা হয়। এমতাবস্থায় ৬৫/এ, ৬৭/এ এবং ৬৭/বি নং প্লট সংক্রান্ত পরবর্তীতে গৃহীত সকল হস্তান্তর আইনগতভাবে অবৈধ এবং অকার্যকর।

২। যেহেতু উক্ত প্লট তিনটির হস্তান্তরের বিষয়ে জাল জালিয়াতি হয়েছে মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়েছে সেহেতু সামরিক ভূমি ও প্রশাসন অধিদপ্তরকে বিষয়টি অধিকতর তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত কমিটি সুপারিশ করে।"

গত ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৪৬ বিবিধ(৫) এর মাধ্যমে বিষয়টি উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ এবং ৬৭/বি নং প্লট সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন এবং এতদ্বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেস্টার মতামত নিয়ে সদর দপ্তর লজিস্টিকস এরিয়া, ঢাকা সেনানিবাসের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। উপরোক্ত বোর্ড সিদ্ধান্তের আলোকে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণপূর্বক অত্র দপ্তরের ০৬ জানুয়ারি, ২০১৬ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৬৭-এ/৪৯২ নং পত্রে সদর দপ্তর লজিস্টিক এরিয়া, ঢাকা সেনানিবাসের মতামত নেয়ার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস-কে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর লজিস্টিক এরিয়া, ঢাকা সেনানিবাস ১৩ জানুয়ারি,২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৯৩.০২.০৩৫.০১.১৩.০১.১৬ নং পত্রের মাধ্যেমে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ এবং ৬৭/বি নং প্লটসমূহ উদ্ধারের ব্যাপারে যথাযথ কার্যকরী আইনী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়। পরবর্তীতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১ আগষ্ট ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬৭-এ/৫৩০ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি নং প্লট উদ্ধারের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ সদয় পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর অনুরোধ জানানো হয়। আলোচনায় জানা যায় যে, তদন্তের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/বি নং প্লটটি ভুলক্রমে ৬৫/এ হিসেবে উল্লেখ করা হয়েছিল। ৬৫/বি নং প্লটের ইজারা সংক্রান্ত বিষয়েও বিস্তারিত তদন্ত হওয়া প্রয়োজন এবং ৬৭/এ ও ৬৭/বি নং প্লট দু'টি পুন:গ্রহণ (Resumption) করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি নং প্লট দু'টি পুন:গ্রহণের (Resumption) কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ৬৫/বি নং প্লটের ইজারা সংক্রান্ত বিষয়টি পর্যালোচনা করে আগামী ০৭(সাত) দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(১) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক -- সভাপতি
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি -- সদস্য
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) জনাব মোঃ আলম খান -- সদস্য
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

আলোচ্য বিষয়-৪৫: গত ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদোত্তীর্ণ ২৪২ দোকানের মধ্যে ১ শাটার ও ২ শাটার বিশিষ্ট দোকানের সালামীর হার নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ১০ বছর মেয়াদী ২৪০ টি দোকান এবং ০১ বছর মেয়াদী ০২ টি দোকানসহ মোট ২৪২ টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় দোকানগুলো পুনঃবরাদ্দের বিষয়টি গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্য বিষয়-১১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মেয়াদোত্তীর্ণ ২৪২ টি দোকান পুনঃবরাদ্দের বিষয়ে যাচাই-বাছাইকরণ, সালামী হার ও পুনঃবরাদ্দের মেয়াদ সম্পর্কে সুপারিশ প্রণয়ন করার জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটির প্রতিবেদন ২৫ জুলাই ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায়-৮ নং আলোচ্যবিষয়ে উপস্থাপন করা হলে ঝুঁকিপূর্ণ দোকানসমূহ বরাদ্দলাভকারী নিজ খরচে মেরামতের শর্তে বাৎসরিক ২৫,০০০.০০(পঁচিশ হাজার) টাকা সালামীতে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য পুনঃবরাদ্দের সিদ্ধান্ত হয়। উল্লেখ্য যে, ২৪২ টি দোকানের মধ্যে ১ শার্টার বিশিষ্ট ১৩৭ টি দোকান এবং ২ শার্টার বিশিষ্ট ১০৫ টি দোকান রয়েছে। উক্ত দোকানসমূহ হতে মোট ৩৮ টি দোকানের সালামী বাবদ ১৯,০০,০০০.০০ (ঊনিশ লক্ষ) টাকা পরিশোধ করা। ২০০৬ সালে ১ শার্টার বিশিষ্ট দোকান ৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা এবং ২ শার্টার দোকান ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা সালামীতে ১০(দশ) বছরের জন্য ইজারা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদোত্তীর্ণ ২৪২টি দোকানের মধ্যে ১ শাটার বিশিষ্ট ১৩৭টি দোকান বাৎসরিক ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা এবং ২ শাটার বিশিষ্ট ১০৫টি দোকান বাৎসরিক ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা সালামীতে পুন:বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া এ বিষয়ে গত ২৫ জুলাই ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৮ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তের অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকবে।

আলোচ্য বিষয়-৪৬: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্ট এর Voltage Stabilizer Magnetic Conductor, Model No- CJ20-100 (100A) নষ্ট হয়ে যাওয়ায় মেরামতকরণ প্রসংগে।

আলোচনা: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্ট এর Voltage Stabilizer Magnetic Conductor, Model No- CJ20-100 (100A) নষ্ট হয়ে যাওয়ায় বর্তমানে সরাসরি বিদ্যুৎ দিয়ে পরিচালিত হচ্ছে। এতে করে যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে।

সিদ্ধান্ত: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্ট এর Voltage Stabilizer Magnetic Conductor, Model No- CJ20-100 (100A) এর স্পেসিফিকেশন প্রস্তুত করত: দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪৭: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কেবিন সরঞ্জামাদিসহ অন্যান্য দ্রব্যাদি ক্রয়ের জন্য ১,১৪,০০০.০০ (এক লক্ষ চৌদ্দ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কেবিন সরঞ্জামাদি যেমন ওয়াল ঘড়ি, পাপোষ, সেন্ডেল, জায়নামাজ, টয়লেট পেপার, মিনি প্যাক সাবান, কেবিনের রিম লক, এবং অন্যান্য সামগ্রী যেমন আল্ট্রাসনোগ্রাম মেশিনের হার্ডডিস্ক, ওয়াল মাউন্টেড ফ্যান, হ্যাজবল, নোটিশ বোর্ড, নিড়ানী সামগ্রী, প্রবেশ পথের সম্মুখের পাপোস এবং লিফট ও প্রবেশ পথের ঢাল অংশের পাপোসসহ অতীব জরুরি সামগ্রী সরবরাহ করতে আনুমানিক ১,১৪,০০০/- টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

| ক্রমিক নং | বিবরন | পরিমান | আনুমানিক একক মূল্যে | মোট মূল্যে |
|---|---|---|---|---|
| ০১। | ওয়াল ঘড়ি | ২৬টি | ৫৫০.০০ | ১৪৩০০.০০ |
| ০২। | পাপোষ | ২৬টি | ২০০.০০ | ৫২০০.০০ |
| ০৩। | সেন্ডেল | ২৬টি | ১৩০.০০ | ৩৩৮০.০০ |
| ০৪। | জায়নামাজ | ২৬টি | ৪০০.০০ | ১০৪০০.০০ |
| ০৫। | টয়লেট পেপার হোল্ডার | ২৬টি | ১৯৫.০০ | ৫০৭০.০০ |
| ০৬। | টয়লেট পেপার | ২০০টি | ৩২.০০ | ৬৪০০.০০ |
| ০৭। | মিনি প্যাক সাবান | ২০০টি | ১৫.০০ | ৩০০০.০০ |
| ০৮। | রিম লক | ২৬টি | ৬৫০.০০ | ১৬৯০০.০০ |
| ০৯। | আল্ট্রাসনোগ্রাম মেশিনের হার্ডডিস্ক | ১টি | ৫৮৫০.০০ | ৫৮৫০.০০ |
| ১০। | ওয়াল মাউন্টেড ফ্যান | ৩টি | ৩০০০.০০ | ৯০০০.০০ |
| ১১। | হ্যাজবল | ৪টি | ৫৫০.০০ | ২২০০.০০ |
| ১২। | নোটিশ বোর্ড (৪'x৮') | ১টি | ২০০০.০০ | ২০০০.০০ |
| ১৩। | নিড়ানী সামগ্রী | ১টি | ১৫০০.০০ | ১৫০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | প্রবেশ পথের সম্মুখের পাপোষ | ৬০ বঃ ফুট | ১৫০.০০ | ৯০০০.০০ |
| ১৫। | লিফট ও প্রবেশ পথের ঢাল অংশের পাপোষ | ১৩২ বঃ ফুট | ১৫০.০০ | ১৯৮০০.০০ |
| | | | *সর্বমোট টাকা =* | ১,১৪,০০০.০০ |

সিদ্ধান্ত: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কেবিন সরঞ্জামাদিসহ অন্যান্য দ্রব্যাদি ক্রয়ের জন্য ১,১৪,০০০.০০ (এক লক্ষ চৌদ্দ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪৮: সেনাভবনের কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের নিমিত্তে ৪৮,৩৭০.০০ (আটচল্লিশ হাজার তিনশত সত্তর) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা: সেনাভবনের কাজের জন্য নিম্নবর্ণিত দ্রব্যাদি সরবরাহের নিমিত্ত ৪৮,৩৭০.০০ (আটচল্লিশ হাজার তিনশত সত্তর) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১। | কোঁদাল | ০১টি | ৬০০.০০ | ৬০০.০০ |
| ২। | দা | ০২টি | ৬৫০.০০ | ১৩০০.০০ |
| ৩। | শ্যাম্পু (ক্লিয়ার) | ০১টি | ৪০০.০০ | ৪০০.০০ |
| ৪। | হ্যান্ড ওয়াশ | ০২টি | ১৩০.০০ | ২৬০.০০ |
| ৫। | সাবান (লাক্স) | ০২টি | ৫০.০০ | ১০০.০০ |
| ৬। | ভিম পাউডার | ০১টি | ১২০.০০ | ১২০.০০ |
| ৭। | লাইজল | ০২টি | ২৬০.০০ | ২৬০.০০ |
| ৮। | র‍্যাকসিন ত্রিপল (বড়-১, ছোট-১) | ০২টি | -- | ৪৫০০.০০ |
| ৯। | মাটি | ০৩ গাড়ী | ৩৭৫০.০০ | ১১২৫০.০০ |
| ১০। | বালু (সিলেকশন) | ০৩ গাড়ী | ৭৫০০.০০ | ২২৫০০.০০ |
| ১১। | গাজর বীজ | ০৪ প্যাকেট | ১৫০.০০ | ৬০০.০০ |
| ১২। | লেটুস পাতা বীজ | ০২ প্যাকেট | ২৪০.০০ | ৪৮০.০০ |
| ১৩। | ফুলকপি বীজ | ০২ প্যাকেট | ৪৫০.০০ | ৯০০.০০ |
| ১৪। | সেলোরী বীজ | ০৪ প্যাকেট | ৫৫০.০০ | ২২০০.০০ |
| ১৫। | স্কোয়াশ বীজ | ০১ প্যাকেট | ২০০.০০ | ২০০.০০ |
| ১৬। | মাটির টব | ১৫টি | ১৮০.০০ | ২৭০০.০০ |
| | | | মোট = | ৪৮,৩৭০.০০ |

সিদ্ধান্ত: সেনাভবনের কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের নিমিত্তে ৪৮,৩৭০.০০ (আটচল্লিশ হাজার তিনশত সত্তর) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪৯: বারিধারা ডিওএইচএস এর ৩২১/৫ নং প্লটে অনুমোদিত ০৫(পাঁচ) তলার উপর অননুমোদিতভাবে ০৬(ছয়) তলা নির্মাণ এবং অত্র দপ্তরে ২৮/৬/২০১৬ তারিখে দাখিলকৃত ০৬(ছয়) তলার সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে ব্রিগেঃ জেনাঃ আফতাব উদ্দিন আহম্মদ (অবঃ) এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বারিধারা ডিওএইচএস এর ৩২১/৫ নং প্লটে ০৫(পাঁচ) তলা ভবন নির্মাণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৮/৪/১৯৯৯ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-৩২১/৫/জোয়ারসাহারা/ডিওএইচএস/১১ নং পত্রের মাধ্যমে নকশা অনুমোদন করা হয়। প্লট মালিক ব্রিগেডিয়ার জেনারেল আফতাব উদ্দিন আহম্মদ (অবঃ) গত ২৮/৫/২০১৬ তারিখের আবেদনে জানান যে, উক্ত প্লটে ০৬(ছয়) তলা ভবন নির্মাণ করেছেন এবং সে মোতাবেক প্রস্তুতকৃত নকশা অনুমোদন করার জন্য আবেদনপত্রের সাথে দাখিল করেছেন।

সিদ্ধান্ত: বারিধারা ডিওএইচএস এর ৩২১/৫ নং প্লটে অনুমোদিত নকশার সাথে প্লট মালিক কর্তৃক দাখিলকৃত As Built নকশার নকশার টেকনিক্যাল ভেরিয়েশন ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তক নির্ধারণ করে এ বিষয়ে প্লট মালিকের ব্যাখ্যাসহ টেকনিক্যাল ভেরিয়েশন প্রসংগে যোগ্যতা সম্পন্ন প্রকৌশলীর মতামতসহ ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করতে হবে। ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক তা যাচাই বাছাই করে কারিগরী মতামতের জন্য CATS-MIST-তে প্রেরণ করবে। উল্লেখ্য CATS-MISTএবং ক্যান্টনমেন্ট বোর্ডের কারিগরী মতামতের যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-৫০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রপার্টি ম্যানেজমেন্ট ও রেভিনিউ কালেকশন সফ্‌টওয়্যার প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রপার্টি ম্যানেজমেন্ট ও রেভিনিউ কালেকশন সফ্‌টওয়্যার প্রস্তুতের জন্য গত ১৭/৭/২০১৬ তারিখে EOI আহ্বান করা হলে ১১ টি প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করে। পরবর্তীতে বোর্ডের প্রস্তাবিত সফ্‌টওয়্যারের রূপরেখা ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে ধারনা প্রদানের জন্য আহ্বান করা হলে ০৯ টি প্রতিষ্ঠান অংশ গ্রহণ করে। শীঘ্রই RFP এর মাধ্যমে আর্থিক ও কারিগরী প্রস্তাব আহ্বান করে উপযুক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।

সিদ্ধান্ত: প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয়-৫১: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে একজন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও একজন স্টোর কীপার নিয়োগ প্রসংগে।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সুষ্ঠুভাবে দৈনন্দিন কার্যক্রম সম্পাদন করার জন্য একজন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও একজন স্টোর কীপার নিয়োগ করা প্রয়োজন। এ লক্ষ্যে দৈনিক পত্রিকার মাধ্যমে অস্থায়ী পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে একজন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও একজন স্টোর কীপার নিয়োগের লক্ষ্যে প্রাপ্ত আবেদনসমূহ বিধি মোতাবেক যাচাই-বাছাই করে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

*( এ.এম. আব্দুল কাদের )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন এম এ আওয়াল হোসেন, জিইউপি, এডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ শওকত আলী<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | জনাব মোঃ মাহবুব জামিল<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |